গোবিন্দ : তুমি কি শুক্রবার দিন রাজার সঙ্গে দেখা করবে?

রাম : না, আমি বাড়িতে তোমার জন্য অপেক্ষা করব।

Govind : *Will* you play? উইল্ ইউ প্লে!

Ram : No, I *won't.* নো, আই ওয়'ন্ট।

Govind : *Will* you come tommorrw? উইল ইউ কাম্ টুমরো?

Ram : Yes, I'*ll* come. ইয়েস, আই'ল কাম্।

Govind : *Will* you be staying here to night? উইল ইউ বি স্টেয়িং হিয়ার টু নাইট?

Ram : No I'*ll* go back. নো, আই'ল গো ব্যাক্।

Govind : *Will* you see Raja on Friday? উইল ইউ সি রাজা অন ফ্রাইডে?

Ram : No I'*ll* wait for you at home. নো, আই'ল ওয়েট্ ফর ইউ অ্যাট হোম।

J

Will be / Shall be

অমিতাভ : কাল এই সময় কি তুমি রেলগাড়িতে থাকবে?

রাকেশ : হ্যাঁ, আমি সে সময় কানপুর পৌঁছে যাব হয়ত।

অমিতাভ : কাল কি এই সময় আমরা ম্যাচ খেলতে থাকবো না?

রাকেশ : হ্যাঁ, কাল এই সময় আমরা ম্যাচ খেলতে থাকবো।

অমিতাভ : আমরা কি বার বার ঢাকা আসতে থাকবো? (বা আসবো?]

রাকেশ : না, আমরা বার বার আসতে থাকবো [অথবা আসবো] না।

Amitabh : *Will* you *be* in the train at this time tomorrow? উইল্ ইউ বি ইন্ দ্যা ট্রেন এ্যাট্ দিস টাইম টুমরো?

Rakesh : Yes, I'*ll be* about to reach Kanpur at this time. ইয়েস, আই'ল বি অ্যাবাউট টু রিচ্ কানপুর এ্যাট দিস্ টাইম।

Amitabh : *Shall* we not *be* playing match at this time? শ্যাল উই নট্ বি প্লেয়িং ম্যাচ এ্যাট দিস্ টাইম?

Rakesh : Yes, of course *we'll be.* ইয়েস, অফ্ কোর্স উই'ল বি।

Amitabh : *Shall* we *be* coming to Dhaka again and again? শ্যাল উই বি কামিং টু ঢাকা এগেন অ্যান্ড এগেন?

Rakesh : No, We *won't be.* নো, উই ওন্ট বি।

K

Will have / Shall have

মীনাক্ষী : ও কি চলে গেছে তবে?

রজনী : না, যাইনি হয়তো।

Meenakshi : *Will* she *have* gone? উইল শী হ্যাভ গন?

Rajani : No, she wouldn't *have* gone. নো, শী উড'ন্ট হ্যাভ গন।

মীনাক্ষী : তুমি কি আসছে মাস নাগাদ কালকা থেকে চলে আসবে?

রজনী : হ্যাঁ, এসে যাবো।

Meenakshi : *Will* you be back from Kalka by the next month? উইল ইউ বি ব্যাক্ ফ্রম কালকা বাই নেক্স্ট মান্থ্?

Rajani : Yes, I *should be* back by then. ইয়েস, আই সুড বি বাই দেন।

মীনাক্ষী : কাল এই সময় নাগাদ তোমার পরীক্ষা শেষ হয়ে যাবে।

রজনী : হ্যাঁ, আমার জীবনের একটা গুরুত্বপূর্ণ অধ্যায় শেষ হয়ে যাবে।

Meenakshi : You *will have* taken your test by this time tomorrow. ইউ উইল হ্যাভ টেক্ন ইওর টেস্ট বাই দিস্ টাইম টুমরো।

Rajani : Yes, an important chapter of my life *would be* over. ইয়েস, অ্যান ইম্পর্ট্যান্ট চ্যাপটার অফ মাই লাইফ উইল বি ওভার।

মীনাক্ষী : তুমি কি আগামী বছরে দশম শ্রেণীর পরীক্ষা পাস করে যাবে?

রজনী : হ্যাঁ, ততদিনে আমি পাস করে যাব।

Meenakshi : *Will* you have passed tenth class by the next year? উইল ইউ হ্যাভ পাসড্ টেনথ্ ক্লাশ বাই দ্যা নেকস্ট্ ইয়ার?

Rajani : Yes, I *should have* passed it by that time. ইয়েস, আই সুড হ্যাভ পাসড্ ইট বাই দ্যাট টাইম।

মীনাক্ষী : মার্চ নাগাদ কি নির্বাচন শেষ হয়ে যাবে?

রজনী : হ্যাঁ, মার্চ পর্যন্ত হয়ে যাবে।

Meenakshi : *Will* the elections be over by March? উইল দ্যা ইলেক্শন্স্ বি ওভার বাই মার্চ?

Rajani : Yes, the elections *will have* completed by March? ইয়েস, দ্যা ইলেক্শন্স্ উইল হ্যাভ কমপ্লিটেড বাই মার্চ?

মীনাক্ষী ; তোমার ভাই কি ততদিনে কানাডা থেকে এসে যাবে।

রজনী : না, তখনও নয়।

Meenakshi : *Will* your brother *have* returned from Canada? উইল ইওর ব্রাদার হ্যাভ রিটার্ন্ড্ ফ্রম কানাডা?

Rajani : No, he *would* not have. নো, হি উড নট হ্যাভ।

L

Will have been/Shall have been

প্রভাত : কাল তুমি এ সময় ঘুমিয়ে পড়বে?

সুধীর : না, বোধহয় এ সময় পড়তে থাকব।

Prabhat : *Will you* have been sleeping tomorrow at this time? উইল ইউ হ্যাভ বিন স্লিপিং টুমরো এ্যাট দিস্ টাইম?

Sudhir : No, probably I *shall have been* studying at this time. নো, প্রোবাবলি আই শ্যাল হ্যাভ বিন স্টাডিয়িং অ্যাট দিস টাইম।

প্রভাত : আর তোমার ভাই, রাজীব কি করতে থাকবে?

Prabhat : And, what *will* your brother, Rajiv *have been* doing? এ্যান্ড, হোয়াট উইল ইয়োর ব্রাদার রাজীব হ্যাভ বিন ডুইং?

সুধীর : ও শিমলা যাওয়ার জন্য তৈরি হতে থাকবে।	**Sudhir :** He *will have been* preparing to leave for Simla. হি **উইল হ্যাভ বিন** প্রিপ্যারিং টু লিভ ফর শিমলা।
প্রভাত : পুলিশ কি এ সময় পকেটমারকে জিজ্ঞাসাবাদ করতে থাকবে?	**Prabhat :** *Will* the policeman *have been* interrogating the pick-pocket at this time? **উইল** দ্যা পুলিশম্যান **হ্যাভ বিন** ইনটারোগেটিং দ্যা পিক্ পকেট এ্যাট দিস টাইম?
সুধীর : না, সে তার রাউন্ডে বেরিয়ে থাকবে।	**Sudhir :** No, he *will have been* on his round. নো, হি **উইল হ্যাভ বিন** অন হিজ রাউন্ড।

স্মরণীয় [To Remember]

এই বাক্যগুলো দেখুন [A] I shall not play. আই শ্যাল নট প্লে। [B] He will not play. হি উইল নট্ প্লে। প্রথম বাক্যটিতে 1 এর সাথে shall আছে ও দ্বিতীয়টিতে He এর পরে will দেওয়া হয়েছে। সাধারণ নিয়ম এই যে প্রথম ও মধ্যম পুরুষের সাথে, যেমন— he, she, it, they, you, Ram ইত্যাদি, will ব্যবহার করতে হয় এবং উত্তম পুরুষ যথা : I, we ইত্যাদির সাথে shall কিন্তু যদি I/we-এর পর will ও he, she, it, they, you-এর পর shall থাকে, তখন সেই সমস্ত বাক্যের তাৎপর্য হয় কোন কথা বলা বা করার জন্য দৃঢ় প্রতিজ্ঞা করায়। যেমন— I will not play. 2. You shall not return. এই দুটো বাক্যের দ্বারা এই অর্থ বোঝানোর প্রয়াস করা হয়েছে যে, 1. আমি কোন মতেই খেলবো না 2. তুমি নিশ্চয়ই ফেরত আসবে (বা ফিরবে না]।

নিচের বাক্যগুলোর অর্থ এই রকম হয়—

1. I will succeed or die in the attempt. [আমি] হয় সাফল্য লাভ করব কিংবা প্রাণত্যাগ করব।
2. You shall finish your work before you leave the office. অফিস ছাড়ার আগে সব কাজ যেন শেষ করবে।
3. He shall obey, whether he likes it or not. ভাল লাগুক বা না লাগুক, এই আদেশ তাকে মানতেই হবে।

দ্রষ্টব্য : কথোপকথনের ভাষায় will-এর ব্যবহারই বেশি হয়। যেমন— I'll, We'll, She'll, He'll, They'll, You'll.

8 অষ্টম দিন 8th Day

কিছু গুরুত্ব সহায়ক ক্রিয়া [Some Important Helping Verbs]

can, could, may, might, must / ought(to), should / would

তিন কালের (tenses) প্রভেদ এতদিনে স্পষ্ট হয়ে গেছে নিশ্চয়। লক্ষ্য করে থাকবেন এই প্রভেদ বোঝাতে আমরা সহায়ক ক্রিয়ার (auxiliary verbs) সাহায্য নিয়েছিলাম। আজ আমরা আরও কতকগুলো সাহায্যকারী ক্রিয়ার ব্যবহার জানার অভ্যাস করব। প্রথমে এই দুটো (auxiliary verbs) অগ্‌জিলারী ভার্বস Can (ক্যান) ও may (মে) নেওয়া যাক। দুটো শব্দেরই অর্থ হচ্ছে 'পারা'। (কোন কাজ করতে)। কিন্তু তারা বিভিন্ন স্থানে ভাব প্রকাশ করে। নীচের বাক্যগুলো দেখলেই বুঝতে পারবেন তা। can এর অতীতকালের রূপ could ও may-র অতীতকালের রূপ might, shall ও will এর অতীতের রূপ ক্রমশ should ও would. এই শব্দগুলোর অর্থের বিভিন্নতা নীচের বাক্যগুলো থেকে স্পর্শ হবে।

Can

মিশু ঃ তুমি সেতার বাজাতে পারো?
রনি ঃ হ্যাঁ, আমি বাঁশীও বাজাতে পারি।

Mishu : Can you play a sitar? ক্যান ইউ প্লে এ সিতার?
Rony : Yes, I can also play on a flute. ইয়েস, আই ক্যান অল্‌সো প্লে অন এ ফ্লুট।

মিশু ঃ তুমি আমার বইগুলো কি ফেরত দিতে পারো?
রনি ঃ না, আমি ঠিক এখনই পারবো না।

Mishu : Can you return my books.
Rony : I can not return them just now. নো, আই ক্যান নট রিটার্ণ দেম্ জাস্ট নাও।

মিশু ঃ তুমি ইংরেজী পড়তে পারো?
রনি ঃ হ্যাঁ, পারি।

Mish : Can you read Engligh? ক্যান ইউ রীড ইংলিশ?
Rony : Yes, I can read it. ইয়েস, আই ক্যান রীড ইট।

May

ছাত্র ঃ আমি কি ভেতরে আসতে পারি, স্যার?
শিক্ষক ঃ হ্যাঁ, এসো।
ছাত্র ঃ আমি সভাতে যেতে পারি কি, স্যার

Student : May I come in sir? মে আই কাম ইন স্যার?
Teacher : Yes, You may. ইয়েস,ইউ মে।
Student : May I attend Sabha, Sir? মে আই এ্যাটেন্ড সভা, সার?

শিক্ষক ঃ নিশ্চয়, সানন্দে।

Teacher : Yes, with great Pleasure. ইয়েস উইথ গ্রেট প্লেজার স্যার?

ছাত্র ঃ আমি সাকের এর সাথে যেতে পারি কি স্যার?
শিক্ষক ঃ না, পারো না। আগে নিজের কাজ শেষ কর।

Student : May I accompany Shaker. Sir? মে আই এ্যাকম্‌পানি সাকের, স্যার?
Teacher : No, you may not. You better finish your work first. নো, ইউ মে নট। ইউ বেটার ফিনিশ ইয়োর ওয়ার্ক ফার্স্ট।

Could

রাজু ঃ তুমি কি কাজটা একলাই করতে পার?
রতন ঃ না, আমি কাজটা একলা করতে পারি না।

Raju : Could you do this work alone. কুড ইউ ডু দিস ওয়ার্ক এ্যালোন?
Ratan : No, I could not do it alone. নো, আই কুড্ নট্ ডু ইট এ্যালোন।

রাজু ঃ ও কি ঠিক সময়ে তোমাকে সাহায্য করতে পারে?	**Raju :** Could She help you in time. কুড্ শী হেল্প ইউ ইন্ টাইম?
রতন ঃ হ্যাঁ, সময়মত সাহায্য করতে পারে?	**Ratan :** Yes, she could help me in time. ইয়েস শী কুড্ হেল্প মী ইন্ টাইম?

Might / Must / ought (to) / would / should

সোহাগ বোধ হয় ওকে সাহায্য করেছিল।	Shohag might have helped him. সোহাগ মাইট হ্যাভ হেল্পড হিম।
ও বোধ হয় এখানে এসেছিল।	He might have come here. মী মাইট হ্যাভ কাম হিয়ার।
ওর বিয়েতে আমাকে যেতেই হবে।	I must attend his marriage. আই মাস্ট এ্যাটেণ্ড হিজ ম্যারেজ।
আমাকে দশটার মধ্যে বাড়ি পৌঁছাতেই হবে।	I must reach home by 10 o'clock. আই মাষ্ট রীচ হোম বাই টেন ও'ক্লক।
ছোটদের ভালবাসতে হয়।	We ought to love our youngers. উই অট টু লাভ আওয়ার ইয়ঙ্গার।
তোমার আরও নিয়মিত ভাবে ক্লাসে যাওয়া উচিত।	You should go to class more regularly. ইউ শুল্ড্ গো টু ক্লাশ মোর রেগুলারলী।

স্মরণীয় [To Remember]

1. (a) Can I walk? (a) May I walk?
   (b) Can You do this job? (b) May I do this work?
   (c) Can You sing a song? (c) May I sing a song?
   ওপরের যে বাক্যগুলোতে Can আছে, তাদের ভাবার্থ এই যে কর্তার কাজগুলো করার শক্তি ও সামর্থ আছে। যে সব বাক্যগুলি may দিয়ে আরম্ভ হয়েছে, তাদের দ্বারা কাজগুলো করার ইচ্ছা প্রকাশ করা হচ্ছে বা করার জন্য অনুমতি চাওয়া হচ্ছে। Can I walk-এ' আমি কি চলাফেরা করতে সমর্থ? এই ভাব প্রকাশ হচ্ছে। কিন্তু May I walk-এ চলাফেরা করার অনুমতি চাওয়া হচ্ছে।
   অবশ্য কখন কখন সাধারণ কথাবার্তায় May ও Can একই ভাবার্থে ব্যবহৃত হয়, যদিও তা ব্যাকরণসম্মত নয়।
২. আগেই বলা হয়েছে যে can-এর অতীতকাল could, may-র might, Shall-র should ও will-এর would, must নিশ্চয়ই এই ভাবার্থে ব্যবহৃত হয়। Ought to ও Should থাকলে বুঝতে হবে যে সেই কাজটি করা উচিত? এই ভাব প্রকাশ করা হচ্ছে।
   এই শব্দ ও তাদের অর্থ, বাক্যে কি রকমভাবে প্রযোজ্য, এগুলোর অভ্যাস করে নেয়া উচিৎ।

9 নবম দিন th Day

আদেশ ও অনুরোধসূচক বাক্য [Sentences denoting order and request]

নীচে কতকগুলো আদেশ ও অনুরোধসূচক বাক্য দেয়া হল। এগুলোকে Imperative mood (ইম্‌পারেটিভ মুড) এর বাক্য বলা হয়। এই বাক্যগুলোতে tense দেবার দরকার হয় না। ক্রিয়ার মূলরূপেই থাকে। এই বাক্যগুলো সহজেই আয়ত্ত্ব করা যায়।

বিধেয়াত্মক ক্রিয়া [Imperative mood]

A

1.	সামনে দেখো।	Look ahead. লুক্ এ্যাহেড।
2.	এগিয়ে যাও।	Go ahead. গো এ্যাহেড।
3.	আস্তে গাড়ি চালাও	Drive Slowly. ড্রাইভ শ্লোলী।
4.	ওর নাম জিজ্ঞেস কর।	Ask his name. আস্ক হিজ নেম।
5.	নিজের কাজ করো।	Mind your business. মাইণ্ড ইয়োর বিজনেস।
6.	ফেরত যাও।	Go back. গো ব্যাক।
7.	ফেরত এসো।	Come back. কাম ব্যাক।
8.	শুনুন।	Just listen. জাষ্ট লিস্‌ন
9.	তাড়াতাড়ি এসো।	Come soon. কাম সুন।
10.	আমায় দেখতে দাও।	Let me see. লেট মি সী।
11.	আমায় কাজ করতে দাও।	Let me work. লেট মী ওয়ার্ক।
12.	ওকে যেতে দাও।	Let him pass. লেট হিম পাস।
13.	আমায় যেতে দাও।	Let me go. লেট মী গো।
14.	তৈরী হও।	Be ready. বী রেডী।
15.	ওর দেখাশোনা করবে।	Take care of him. টেক কেয়ার অফ্ হিম।
16.	একপাশে দাঁড়াও।	Move a side. মুভ এ সাইড।
17.	ভেবেচিন্তে বলবে।	Think before you speak. থিঙ্ক বিফোর ইউ স্পীক।
18.	নিয়শ্চই আসবে।	Do come. ডু কাম।
19.	পরিহাস করো না।	Do not cut jokes. ডু নট কাট জোকস।

B

20.	বোকার মতন কথা বলো না।	Do not talk nonsens. ডু নট নন্‌সেনস।
21.	কিচ্ছু ভাববে না।	Never mind. নেভার মাইন্ড।
22.	চিন্তা করো না।	Don't worry. ডোন্ট ওয়ারী।
23.	কক্ষনো ভুলো না।	Never forget. নেভার ফরগেট।
24.	দেরী করো না।	Don't Delay. ডোন্ট ডিলে।
25.	কক্ষনো ভুলো না।	Never forget. নেভার ফরগেট।
26.	চিন্তা করো না।	Don't worry. ডোন্ট ওয়ারী।
27.	ওকে ক্ষেপিও না।	Don't tease him. ডোন্ট টীজ হিম।

C

28. আর একবার চেষ্টা করুন। — Please do try again. প্লীজ ডু ট্রাই, এগেন।
29. থাকগে। — Let it. লেট ইট।
30. একটু অপেক্ষা করুন। — Please wait. প্লীজ ওয়েট।
31. এখানে আসুন। — Please come here. প্লীজ কাম হিয়ার।
32. আসুন, আসুন। — Please come in. প্লীজ কাম ইন।
33. ওঁকে জাগিয়ে দিন। — Please wake him up. প্লীজ ওয়েক হিম আপ।
34. বসুন, বসুন। — Please be seated. প্লীজ বী সীটেড।
35. দয়া করে উত্তর দিন। — Please reply. প্লীজ রিপ্লাই।
36. আমাকে যেতে দিন অনুগ্রহ করে। — Please allow me to go. প্লীজ এ্যালাও মী টু গো।
37. এইখানে সই করুন (দয়া করে)। — Please sign here. প্লীজ সাইন হিয়ার।
38. আর একটুখানি থাকুন। — Please stay a little longer. প্লীজ ষ্টে এ লিটল লংগার।
39. দয়া করে চুপ করুন। — Be quiet please. বী কোয়ায়েট প্লীজ।
40. আপনি যে রকম বলবেন। (বা, আপনার যা ইচ্ছা) — As you like it. এ্যাজ ইউ লাইক ইট।
41. আবার আসবেন যেন। — Please come again. প্লীজ কাম এগেন।

D

42. ঘর-দুয়ার পরিষ্কার রাখবে। — Keep your home clean. কীপ ইয়োর হোম ক্লীন।
43. আবোল-তাবোল না বলে আসল কথায় এসো — Come to the point. Do not beat about the bush. কাম টু দ্যা পয়েন্ট। ডু নট বীট অ্যাবাউট দ্যা বুশ।
44. পাগলামো ক'রো না। — Don't be silly. ডোন্ট বি সিলি।
45. দেরী করো না। — Don't be late. ডোন্ট বী লেট।
46. এই এক দাগ (ওষুধ) খাও। — Take this dose (of medicine). টেক দিস ডোজ (অফ্ মেডিসিন)।
47. আমায় অনুসরণ কর। — Follow me. ফলো মী।
48. জুতোর ফিতে বেঁধে নাও। — Do up your shoes. ডু আপ ইয়োর সুজ।
49. কাজের সময় কাজ ও খেলার সময়ে খেলা উচিৎ। — Work while you work and play while you play. ওয়ার্ক হোয়াইল ইউ ওয়ার্ক এ্যান্ড প্লে হোয়াইল ইউ প্লে।
50. সময় বুঝে তাক করবে। — Strike when the iron is hot. স্ট্রাইক হোয়েন দ্যান আয়রন ইজ হট।
51. এখান থেকে চলে যাও। — Leave the place. লীভ দ্যা প্লেস।
52. কিছুই বলো না। — Don't say anything. ডোন্ট সে এনিথিং।
53. দেখেছ শয়তানটাকে? — Look at the devil. লুক্ এ্যাট দ্যা ডেভিল।
54. দেখো ওকে। — Watch him. ওয়াচ্ হিম।

স্মরণীয় [To Remember]

(i) আপনারা দেখলেন যে, is, are, am, were, has, have, had, will, would, shall, should, can, could, may, might প্রভৃতি শব্দগুলো বাক্যের আরম্ভে থাকলে তারা জিজ্ঞাসাসূচক বাক্য হয়ে যায় ও Subject এর পরে, বাক্যের মধ্যে থাকলে সাধারণ বাক্য হয়। উদাহরণ—

A	B
(1) Am I a fool?	I am not a fool.
(2) Were those your books?	Those were your books.
(3) Had you gone there?	You had gone there.
(4) Can I walk for a while?	You can walk.
(5) May I Come in?	You may come in.
(6) Might you go now?	I might go now.

(ii) Do এবং did মূলত সাহায্যকারী ক্রিয়া নয়। নিম্নলিখিত বাক্যগুলো ভালভাবে লক্ষ্য করুন—

1. আমি সকালে তাড়াতাড়ি উঠি।	I get up early in the morning.
2. আমি সকালে তাড়াতাড়ি উঠিলাম।	I got up early in the morning

এদের নেতিবাচক রূপ দেখা যাক এবার–

3. আমি সকালে তাড়াতাড়ি উঠি না।	I do not get up early in the morning.

স্পষ্টতঃই ইতিবাচক থেকে নেতিবাচক বাক্য রচনা করতে হলে do ও did প্রয়োগ করতে হ'ল। জিজ্ঞাসাসূচক বাক্য রচনা করতে হ'লে এই do ও did কেই, বাক্যের আরম্ভে রাখতে হয়। যেমন

4. আমি কি সকালে তাড়াতাড়ি উঠি?	Do get up early in the morning.
5. আমি কি তাড়াতাড়ি উঠেছিলাম?	Did I get up early in the morning.

10 দশম দিন th Day

এটা সকলেই জানেন যে ইংরেজী একটি আন্তর্জাতিক ভাষা। সাহিত্য, দর্শন, বিজ্ঞান, কলা-কৌশল, যে কোন বিভাগেই এই ভাষার সমকক্ষ খুবই কম আছে। বাংলাদেশেও এই ভাষা জানার উপকারিতা সম্বন্ধে সকলেই অবহিত আছেন।

আপনি জীবনের যে ক্ষেত্রেই প্রতিষ্ঠিত থাকুন না কেন, এমনকি আপনি যদি গৃহবধূও হন বা কারখানাতে শারীরিক পরিশ্রম করে জীবিকার্জন করেন, তবুও নিজের ব্যক্তিত্ব বিকাশ করতে হলে এই ভাষাতে সাবলীলভাবে কথা বলতে পারা একান্ত আবশ্যক।

এর জন্য যদি আপনি কোন অন্তরঙ্গ বন্ধু বা আত্মীয়ের সাহায্য পান, যার সাথে আপনি নিঃসঙ্কোচে ইংরেজীতে কথা বলতে পারেন, তবে ভাল হয়। এই ব্যক্তিটির সাথে আপনি ইংরেজীতে কথা বলে যান, ভুল হলেও ক্ষতি নেই। আপনি ভাষাটা জানেন, তার ব্যাকরণও আপনার জানা, কিন্তু কথা বলতে হয়ত ইতস্তত করেন। এই ত্রুটি দূর করতে হলে একজন অন্তরঙ্গ বন্ধুর দরকার যার সাথে আপনি ইংরেজীতে কথা বলুন যাকে আপনি বাংলা থেকে ইংরেজী বা ইংরেজী থেকে বাংলা করে শোনাবেন ও যিনি নিজেও এ সবগুলো করবেন। আপনারা দু'জনে পরে একে অন্যের ভুল শুধরে দেবেন। স্বামী ও স্ত্রী পরস্পরকে এই রকমভাবে সাহায্য করতে পারেন, যেমন পারেন অফিসে বা কারখানাতে সহকর্মীরা। যদি আপনি স্বচ্ছল হ'ন তবে একটা টেপ রেকর্ডার নিতে পারেন, যার সাহায্যে উচ্চারণ শুধরে নিতে সক্ষম হবেন। কথা বলার সময় ভাব-ভঙ্গী কি রকম হয় তা দেখার ও ভুল হলে শোধরাবার জন্য আপনি প্রমাণ সাইজের আয়নার সামনে দাঁড়িয়ে কথা বলার অভ্যাস করতে পারেন। পৃথিবীর অসংখ্য ব্যক্তি এই উপায় অবলম্বন করে লাভবান হয়েছেন।

আমাদের মতে এই ভাষা সঠিকভাবে আয়ত্তে আনার প্রধান প্রধান বাধা হচ্ছে আপনার সংকোচ। এই সংকোচনের বিহ্বলতা থেকে পরিত্রাণ পাবার সর্বোত্তম উপায় হচ্ছে একজন অন্তরঙ্গ বন্ধুর সাহায্য। আমাদের কোর্স শেখার জন্য এটা অত্যাবশ্যক। তাঁর সাথে প্রতিদিনের পাঠগুলো পড়ুন ও পরে অভ্যাস তালিকাগুলোও সমাধান করুন। দেখবেন, খুব শীগ্রই আপনি অভীষ্ট লক্ষ্যের দিকে এগিয়ে চলেছেন।

ইংরেজী ভাষাতে কথা বলতে পারা মানে জীবনে সাফল্যের চাবিকাঠি হাতে পাওয়া। আর ইতস্তত করবেন না, এগিয়ে চলুন।

ইংরেজী ভাষার জ্ঞান অনেকেরই থাকে। তাঁরা ব্যাকরণের নিয়ম-কানুনও ভাল জানেন। Tenses-এর রূপের সাথেও তাঁরা পরিচিত। কিন্তু কেন বলুন তাঁরা ইংরেজীতে গড়গড় করে কথা বলতে পারেন না? কারণ আর কিছুই না, বলার অভ্যাস না থাকা।

এজন্য আবশ্যক যে আপনি নতুন নতুন শব্দ শিখে সেগুলো বিনাদ্বিধায় বলার চেষ্টা করবেন। নীচের তালিকাগুলো আপনাকে এ বিষয়ে সাহায্য করবে।

অভ্যাস তালিকা [Drill Tables]

তালিকা (Table)—1

1	2	3
He She	is	ready
I	am	hungry
They You We	are	Thirsty Tired

তালিকা (Table)—2

1	2	3
He She	was	Rich poor
I		
They You We	were	pleased sorry

i. তালিকা নম্বর 1 ও 2 প্রত্যেকটা থেকে 20টা বাক্য বলে কোন সাথীকে তাদের মানে বলুন।

ii. এই চল্লিশটা বাক্যই হবে affirmative মানে ইতিবাচক। এদের নেতিবাচক (Negative) করতে হলে কি করবেন বলুন তো? ঠিক ধরেছেন, is, are, am, was, were ইত্যাদি ক্রিয়ার পর not দেবেন। যেমন—She is not ready. ওপরের তালিকা দুটি থেকে এইরকম আটটি বাক্য লিখুন।

iii. দ্বিতীয় তালিকা থেকে আটটি ইতিবাচক (Affirmative) বাক্যকে প্রশ্নবোধক (Interrogative) বাক্যে পরিণত করুন।

তালিকা (TABLE)—3

1	2	3
	did not	
	can	
	may	use this train
They boy	must not	do as I say
	ought not	go for hunting
His Friends	should	enter the cave
	will	
	can not	

এই তালিকা থেকে ৬৪টি বাক্য রচনা করে আপনার বন্ধুকে শোনান। পরে যে কোন দশটি বাক্য লিখে বাংলায় তাদের অর্থ লিখুন।

তালিকা (Table)— 4

1	2
(i) Be	day after tomorrow?
(ii) Go	Quaran ?
(iii) Have you written	Mr. Zaman, sir?
(iv) Did you get up	this problem?
(v) Will you come	at once?
(vi) Can you read	to Radha?
(vii) May I accompany	early yesterday?
(viii) Could Rama solve	your business.
(ix) Mind	ready.
(x) Do not	be fool me.

চতুর্থ তালিকাতে প্রথম ও দ্বিতীয় স্তম্ভ মিলিয়ে দশটি বাক্য রচনা করা যায়। এই বাক্যগুলো আবার আগের দিনের পড়ার মধ্যেই পেয়ে থাকেন। দু'টি স্তম্ভের টুকরোগুলোকে এমনভাবে মিলিয়ে বাক্য রচনা করুন— যাদের অর্থ বোধগম্য হয়। পরে সেগুলোর অনুবাদ করুন।

প্রথম দিন

1. নিম্নলিখিত বাক্যগুলোর ভুল সংশোধন করুন। ভুলগুলো মনে রাখবেন।

1. Good night uncle, how do you do? (সন্ধ্যা ছটার সময়)
2. Is he your cousin brother?
3. She is not my cousin sister?
4. Good afternoon, my son. (বেলা দু'টোর সময়)
5. Good morning, mother. (সকাল ন'টার সময়)

2. নীচের বাক্যগুলোতে দেখানো হয়েছে বাংলা ও ইংরেজীতে সম্মানসূচক ক্রিয়ার প্রকারভেদ কি রকম হয়।

1. আব্বা এসেছেন	Father has come.
2. শামিম সাহেব এক্ষুণি গেলেন।	Mr. Shamim has just left.
3. উনি আপনাকে আবার ডেকেছেন।	He has called you again.

ইংরেজীতে 'আপনি' 'আজ্ঞে' ইত্যাদির প্রচলন নেই। 'you' 'sir' ইত্যাদি ব্যবহার হয় তাদের বদলে। সেই রকম ক্রিয়াতেও যাচ্ছেন, করবেন, বলবেন, ইত্যাদির প্রয়োগ হয় না। 'has' 'done' 'said' ইত্যাদি বললেই যথেষ্ট হয়। বাংলার বাক্য যেমন— মান্নান সাহেব এই মাত্র বাড়ি গেলেন, প্রথমে ইংরেজীর ধাঁচে বলুন 'মান্নান সাহেব এই বাড়ি গেল' ও তারপর অনুবাদ করুন। **[প্রথম দিনের Table-box দেখুন]**

দ্বিতীয় দিন

3. কতকগুলো শিষ্টাচারসূচক বাক্য আবার আমরা শিখে নিই।

(a) আপনি কারও বাড়ি বেড়াতে গেছেন হয়ত, সেখানে তাঁরা আপনার ত্রুটিহীন আদর-আপ্যায়ন করলেন। ধন্যবাদ দেবার জন্য বলবেন—Thanks for your hospitality. (আপনার আতিথ্যের জন্য ধন্যবাদ।)

(b) I am very grateful to you. I shall be very greateful to you. এই দুটো বাক্যের প্রভেদ কোথায় দেখুন ও বলুন কোন অবসরে কোন বাক্যটা বলতে হবে?
যদি কোনও ব্যক্তি আপনার অনুরোধ রক্ষা করেন তবে বলবেন— I am grateful to you. (আমি আপনার প্রতি কৃতজ্ঞ)।
আবার, আপনি যদি কোন ব্যক্তিকে কিছু করার জন্য অনুরোধ করেন এবং তাকে আগে থেকেই ধন্যবাদ দিতে চান, তখন বলবেন—I shall be very grateful to you. (আমি আপনার প্রতি কৃতজ্ঞ থাকব)।

(c) যদি কেউ আপনার উপস্থিতিতে আপনার প্রশংসা করেন তবে আপনি বিনীত ভাবে বলতে পারেন—It is your generosity, otherwise what I am! (এ আপনার বদন্যতা, আমি প্রশংসার উপযুক্ত নই)।

তৃতীয় দিন

4. (a) God ও gods (b) good ও goods এই দুই জোড়া শব্দের অর্থ ভাল করে বুঝে নিন। God মানে আল্লাহ, ভগবান, ঈশ্বর, পরমাত্মা। আর gods মানে দেবতাগণ— ইন্দ্র, অগ্নি, বরুণ ইত্যাদি। আল্লাহ এক এবং দেবতা অনেক Good মানে ভাল (বিশেষণ) ও goods (বিশেষ্য) মানে মাল।

5. নিম্নলিখিত শব্দগুলোর অভিধান থেকে দেখুন ও ভাল করে মনে রাখুন— Marvellous, splendid, disgraceful, absurd, excellent, nonsense.

6. এই শব্দগুলোর সঠিক অর্থ বুঝে নিন—nasty, woe, hallow, hurrah.

চতুর্থ দিন

7. এই বাক্যগুলো মন দিয়ে দেখুন (a) Well begun, half done. (b) To err is human, to forgive, divine (c) Thank you, (d) Just coming. a ও b তে is এই ক্রিয়াটি উহ্য। c ও d তে 1. এই কর্তাটি উহ্য। এই বাক্যগুলো অসম্পূর্ণ হওয়া সত্ত্বেও সাধারণ কথাবার্তায় এদের প্রয়োগ এইভাবে হয়। ইংরেজীতে এই বাক্যগুলোতে elliptical sentence বলা হয় ও তারা ব্যাপকভাবে প্রচলিত।
এবার দেখা যাক এদের সম্পূর্ণ রূপগুলো। (a) Well begun half done. (b) To err is human. To forgive is divine (c) I thank you (d) I am just coming.
এই ধরনের অন্য বাক্যও আমাদের জেনে নেওয়া দরকার। এতে ইংরেজী ভাষার বৈশিষ্ট্যতার সাথে আপনার পরিচয় হয়ে যাবে।

8. Just coming. চতুর্থ দিনের প্রথম বাক্যের অর্থ দেওয়া হয়েছে আমি এক্ষুণি আসছি। কিন্তু এ বাক্যটির অর্থ তো এরকমও হতে পারে— তিনি/উনি এক্ষুণি আসছেন। ধরুন আপনার বাড়িতে কেউ এসে বললেন যে আপনার ভাইয়ের সাথে কাজ আছে। আপনি ভিতরে গিয়ে ভাইকে বললেন, সে কথা ও বাইরে এসে আগন্তুককে বললেন যে ভাইয়া এক্ষুণি আসছেন। ইংরেজীতে বলবেন— just coming যার সম্পূর্ণ রূপ হবে—He is just coming.

পঞ্চম দিন

9. এই বাক্যগুলো দেখুন (i) You speak English (ii) Do you speak English? প্রথম বাক্যটি ইতিবাচক (Positive) ও দ্বিতীয়টি প্রশ্নবাচক (Interrogative) প্রথম বাক্যটির আগে Do এই auxiliary (সাহায্যকারী) ক্রিয়া দিলেই বাক্যটির রূপ প্রশ্নবাচক হয়ে যায়।
এইরকম ভাবেই নিম্নলিখিত বাক্যগুলো Do-does এই ক্রিয়া প্রয়োগ করে প্রশ্নবাচক রূপে পরিণত করুন ও তাদের অর্থ বাংলায় লিখুন।

(i) You go to bed. (ii) You play hockey. (iii) She returns form the office at 6 p.m. (iv) A mother looks after her children. (v) They go for a walk in the morning. (vi) I always work hard.

10. নীচের (II এ দেয়া) বাক্যগুলো বাংলাতে অনুবাদ করুন।
11. বর্তমান কালের জন্য (auxiliary verbs) এইগুলো—is, am, are, has, have. নিম্নলিখিত বাক্যে এইগুলোই ব্যবহৃত হয়েছে।

(i) The moon is shining.	Is the moon shining?
(ii) We are listening to you.	Are we listening to you?
(iii) My father has gone out.	Has my father gone out?
(iv) I have seen.	Have I seen?

উপরের এক এক জোড়া বাক্য থেকে বোঝা যায় যে, is, are, has, have এই auxiliary verb-গুলো বাক্যের আরম্ভে রাখলে ও শেষে প্রশ্নবোধক চিহ্ন দিলেই তারা প্রশ্নবাচক হয়ে যায়। বলবার সময় মনে রাখতে হবে যে আপনার বলার ধরন (tone) যেন প্রশ্নবোধক হয়।
এবার ওপরের আটটি বাক্য বাংলায় অনুবাদ করুন।

12. নিম্নলিখিত বাক্যগুলোকে প্রশ্নবোধক রূপে পরিবর্তিত করুন ও তাদের বাংলায় অর্থ লিখুন।
(i) Someone is knocking at the door. (ii) Your friends are enjoying themselves. (iii) I am reading a comic. (iv) It is Friday today. (v) Your hands are clean. (vi) The train has just arrived. (vii) We have studied English. (viii) It has rained for two hours. (ix) You have already finished your dinner.

ষষ্ঠ থেকে নবম দিন

13. ইংরেজীতে 24টি সহায়ক ক্রিয়া (auxiliary verbs) আছে তারা হচ্ছে—
(i) do, does, did, is, are, am, was, were, has, have, had, will, shall (ii) would, should, can, could, may, might, must, ought (to). (iii) need, dare, used (to).
(i) প্রথম ১৩টা ক্রিয়া যথা ঃ do, does, did, is, am, are, was, were, has, have, had, will আর shall Tense-এ প্রয়োগ করা হয়। আর এর প্রয়োগবিধি আপনি পাঁচ, ছয় আর সাত দিনে বুঝতে পারবেন। (ii) Would, should, could আর might প্রায় will, shall, can আর may এদের ভবিষ্যৎকালের রূপে প্রয়োগ করা হয়। এই সব অর্থের প্রয়োগ বিধি আপনার আট দিনের অনুশীলনে পড়েছেন।
আপনি লক্ষ্য করেছেন এ সমস্ত ক্রিয়া মুখ্য ক্রিয়াকে সাহায্য করে। যেমন—I may go-এই বাক্যটিকে প্রশ্নসূচক বাক্যে পরিবর্তন করতে হ'লে সহায়ক ক্রিয়া আগে আসে। যেমন— May I go? আর না-সূচক অর্থে সহায়ক ক্রিয়ার পর মুখ্য ক্রিয়ার আগে 'Not' আসে। যেমন—I may not go.
14. নিম্নলিখিত প্রশ্নসূচক বাক্যগুলোকে অনুবাদ করুন।
(1) Must I tell you again? (2) Must she write first? (3) Can't you find your book? (4) Could they mend it for me? (5) Could you show me the way? (6) she won't be able to get

the cinema tickets? (7) Won't you be able to come and see us? (8) Ought he to go to be careful? (9) Ought not the rich to help the poor? (10) Dare I do it? (11) Need I tell you to be early? (12) May I leave the room? (13) Might I accompany you? (14) Should I ask him first? (15) Would you wait a few minutes? (16) Used he to give you money?

15. এখন আপনারা বুঝতে পারছেন যে Must, ought, need, dare, used এই সমস্ত সাহায্যকারী ক্রিয়া (special verbs) অন্য ক্রিয়ার মত ব্যবহার করা যেতে পারে।
নিম্নলিখিত হ্যাঁ সূচক (Positive) আর 'না সূচক" (Negative) বাক্যগুলোর অনুবাদের সাথে সাথে বুঝতে চেষ্টা করুন কিভাবে এই সব ক্রিয়াগুলো ব্যবহার করা হয়।
(1) I need a towel. (2) She needn't go to the bank. (3) You needed rest, didn't you? (4) I used to Kutub Minar. (5) You do not worry. (6) I ought to sleep now. (7) You need needn't go there. (8) I have to save money. (9) We need not have a discussion on this matter. (10) He won't attend the meeting, will he?

16. নিচে কয়েকটি প্রশ্ন আর তার সংক্ষিপ্ত উত্তর দেয়া হল। এইগুলোর অভ্যাস করলে আপনি নিজে নিজে এই ধরনের প্রশ্নোত্তর করতে পারবেন।

প্রশ্ন Question	সংক্ষিপ্ত উত্তর Short Answer
1. Can you speak Correct English?	No, I can't.
2. Will not speak to her?	No, I won't.
3. Could they go there alone?	Yes, they could.
4. Shall I wait for you at the station?	No, you shalln't.
5. Does she tell a lie?	No, she doesn't.
6. Do you speak the truth?	Yes, I do.
7. May we go now?	Yes, you may.
8. Weren't you going to the market?	Yes, I was.
9. Hadn't she finished her work?	Yes, she had.
10. Must they work hard?	No, they mustn't.

17. যে কোন প্রশ্নের দুইভাবে উত্তর দেয়া যায় (i) সম্পূর্ণ (complete) রূপে (ii) আর সংক্ষিপ্তভাবে (short)। যেমন—

Q. Do you read English? (Question)

A. Yes, I read English. (Complete answer)

A. Yes, I do. (Short answer)

সাধারণত এই সমস্ত অবস্থা আর পরিবেশের উপর নির্ভর করে। যেমন— আমরা ফোনে বা দোকানে বা রেলস্টেশনে এর ব্যবহার ভালভাবে বুঝতে পারি। এই সব পরিবেশ ছাড়া আমরা সম্পূর্ণভাবে প্রশ্নের জবাব দিয়ে থাকি। ভালভাবে অভ্যাস করলে এর তারতম্য বোঝা যাবে। নিচে কয়েকটি বাক্যের "পূর্ণ" উত্তর দেয়া হ'ল এর "সংক্ষিপ্ত" উত্তর দেয়ার চেষ্টা করুন—

[1] No, I am not going there.
[2] Yes, I have writen her.
[3] No, she has not replied to my letter.
[4] Yes Madam, I go up early.
[5] Yes, I ate them.
[6] Yes Sir, I was reading a book while walking.
[7] No, I had not gone to cinema.
[8] No, I shall not play.
[9] No, we shall not be coming again and again.
[10] No, she will not have gone.

18. নিম্নলিখিত বাক্যগুলোর ইংরেজী অনুবাদ করুন। উত্তর উল্টোভাবে নীচে দেওয়া হ'ল। দেখুন আপনি কতটা সঠিক করলেন।

১. আপনি কি জানেন? ২. আপনি জানেন কি? ৩. ওনার ঠিকানা জানেন কি? ৪. আপনার তো কোন আঘাত লাগেনি, লেগেছে? ৫. আপনার আর কিছু বলার আছে? ৬. আপনি রেগে গেছেন কি? ৭. আপনি কি বাজারে যাচ্ছেন? ৮. টমেটোগুলো কি তাজা? ৯. তিনি আপনার বাড়ি দেখেছেন কি? ১০. তার জন্যে কোন চিঠি আছে কি? ১১. সে আপনাকে জানতো? ১২. তুমি ওষুধ খেয়েছিলে? ১৩. তুমি কিছু পেয়েছিলে কি? ১৪. একটা অনুরোধ করবো? ১৫. সব ঠিক আছে তো? ১৬. এটা কি সত্য? ১৭. তিনি (স্ত্রী) কি আপনাকে চেনেন? ১৮. এখন বাড়ি যেতে পারি? ১৯. আপনাদের জন্যে এই পত্রিকাটি আনবো? ২০. দয়া করে একটা উপকার করবেন? ২১. আপনি কি বেড়াতে যাবেন? ২২. এই বাসটা বরগুনা থামবে? ২৩. ওনাকে কি ডেকে পাঠাবো? ২৪. তাঁর কাছে কি যাব? ২৫. আপনি কি একদিনের জন্যে থাকতে পারেন না? ২৬. মিঃ জামানের সংগে দেখা করতে পারি? ২৭. আপনার বইটা কি এক সপ্তাহের জন্যে দিতে পারেন না?

1. Do you know? 2. Do you know? 3. Do you know his address? 4. Have you not got hurt, have you? 5. Have you anything else to say? 6. Are you angry? 7. Are you going to the market? 8. Are the tomatoes fresh? 9. Has he seen your house? 10. Has there been any letter form him. (11) Did he know you? 12. Did you take the medicine? 13. Did you get something? 14. May I make a request? 15. Is everything all right? 16. Is it a fact? 17. Does she know you? 18. May I go home now? 19. May we get this magazine for you? 20. Will you do me a favour? 21. Will you come for a walk? 22. Will this bus stop at Barguna? 23. Shall I call her? 24. Shall I call on her? 25. Can you not stay for a day? 26. Can I see Mr. Zaman? 27. Can you not give me your book for a week?

উপদেশ ঃ এই রকমভাবে আপনি ইংরেজী থেকে বাংলা অনুবাদ করুন আর নিজের বন্ধুদের সংগে বা আপনজনের সংগে কথা বলার চেষ্টা করুন।

11 একাদশ দিন 11th Day

দ্বিতীয় অভিযান [2nd Expendition]

প্রথম দশদিন আমরা ইংরেজী কথা বলার সাধারণ ও প্রারম্ভিক নিয়মাবলী আপনাদের সাথে পরিচয় করিয়ে দিয়েছি। এবার আমরা দ্বিতীয় পর্যায়ের অভিযানে অগ্রসর হই। পরের পাঁচদিন আমরা আপনাদের ইংরেজী লিপি, যাকে রোমান্ লিপি বলা হয়, অক্ষর লিখবার নিয়ম রোমান লিপিতে বাংলা লেখা, ইংরেজী স্বর ও ব্যঞ্জনবর্ণের উচ্চারণ পদ্ধতি, তথা অনুচ্চারিত বর্ণের (silent letters) সাথে পরিচয় করিয়ে দেই।

রোমান্ লিপির বর্ণমালা

ইংরেজী বর্ণমালাতে 26টি অক্ষর থাকে। তারা দু'রকমের হয়— বড় যেমন A ও ছোট যেমন a। বড় ও ছোট হাতের অক্ষরগুলোর আবার দু'রকম রূপ আছে। ছাপার জন্য এক প্রকার ও হাতে লেখার জন্য অন্য প্রকার। কাজেই ইংরেজী বর্ণ চার প্রকারের হয়—

1. ছাপার বড় অক্ষর (capital)
2. ছাপার ছোট অক্ষর (small)
3. লেখার বড় অক্ষর (capital)
4. লেখার ছোট অক্ষর (small)

Alphabet বর্ণমালা

A এ	B বি	C সী	D ডী	E ঈ	F এফ্	G জী
H এইচ	I আই	J জে	K কে	L এল	M এম	N এন্
O ও	P পী	Q কিউ	R আর	S এস	T টী	U ইউ
V ভী	W ডব্লিউ	X এক্স	Y ওয়াই	Z জেড্		

a এ	b বি	c সী	d ডী	e ঈ	f এফ্	g জী
h এইচ	i আই	j জে	k কে	l এল	m এম	n এন্
o ও	p পী	q কিউ	r আর	s এস	t টী	u ইউ
v ভী	w ডব্লিউ	x এক্স	y ওয়াই	z জেড্		

ওপরের ছোট হাতের অক্ষর লিখবার সময় মনে রাখতে হবে যে,

1. চার লাইনের কাঠামোর ভেতর মধ্যের দুই লাইনের লিখবার অক্ষর 14টি— a, b, c, e, i, m, n, o, s, u, v, w, x, z.
2. উপরের তিন লাইন নিয়ে লিখবার বর্ণ 6টি—b, d, h, k, l, t.
3. চার লাইন নিয়ে লেখার অক্ষর কেবল একটি— f.
4. নীচের তিনটি লাইনে লেখার অক্ষর 5টি— g, j, p, q ও y.

ইংরেজী হাতের লেখা যদি আপনার ভাল নাও হয়, তবুও নিরাশ হবার দরকার নেই। হাতের লেখা ভালো করার জন্য আন্তরিক চেষ্টা করলে নিশ্চয়ই সফল হবেন। অনেকেই করতে পেরেছেনও। কেবল একটা কথা মনে রাখতে হবে যে রোমান লিপি একটু Stylish. অক্ষরগুলো কম বা বেশি চওড়া হয়, আর কিছু অক্ষর চার লাইনের পাতায় ওপরের দুটো কিংবা মধ্যে দুটো, বা নীচের দুটো কিংবা সব ক'টি লাইন নিয়েই লেখা হয়। এই কথাগুলো মনে করে লেখার অভ্যাস করুন। আস্তে আস্তে হাত বসে যাবে। আপনি ম্যাট্রিক পাসই হোন বা গ্রাজুয়েটই হোন, হাতের লেখা শোধরাবার জন্য যে কোন বয়সই উপযুক্ত। দৃঢ়প্রতিজ্ঞ হয়ে আজ একাদশ দিন থেকে চার লাইনের খাতায় রোজ একপাতা করে লিখুন। দেখবেন যে খুব শীগগির আপনার হাতের লেখা আগের চেয়ে সুন্দর হয়েছে। আপনার সাফল্যের শুভকামনা করি।

স্মরণীয় [To Remember]

1. ইংরেজী বর্ণমালা বড় অক্ষরে (Capital letter) দিয়ে Proper noun (ব্যক্তিবাচক বিশেষ্য) বানান আরম্ভ করা হয়। যেমন— Dhaka. কোন শব্দের সংক্ষিপ্ত রূপ লিখবার সময়ও বড় হাতের অক্ষর দিয়ে আরম্ভ করতে হয় যেমন— doctor-এর সংক্ষিপ্ত রূপ Dr. মাসের ও বারের নাম যেমন— March, Saturday. ১২ দিনে এ সম্বন্ধে আরও জানানো হবে। ইংরেজীতে আমির জন্য বড় হাতের I লেখা হয়, ছোট হাতের i নয়।
2. বাংলা শব্দ যেমন সাধারণত লাইনের নীচে লেখা হয়, ইংরেজীতে সেরকম হয় না। ইংরেজীতে লাইনের উপর লেখা হয়।

12 দ্বাদশ দিন th Day

ইংরেজী স্বর ও ব্যঞ্জন বর্ণ

ইংরেজীতে স্বর ও ব্যঞ্জন এই দুই প্রকারের বর্ণ হয়। এই স্বর (Vowels) ভাওয়েল্‌স্ ও ব্যঞ্জন (Consonants) কনসোন্যান্ট্‌স বর্ণের উচ্চারণ পদ্ধতি নীচে দেওয়া হল। সে সাথে বাংলার বর্ণ ও শব্দ দ্বারা ইংরেজী (রোমান) বর্ণমালার সাথেও পরিচয় করানো হচ্ছে।

ইংরেজীতে পাঁচটি স্বরবর্ণ ও একুশটি ব্যঞ্জন বর্ণ হয়।

Vowels : A, E, I, O, U.

Consonants : B, C, D, F, G, H, J, K, M, N, P, Q, R, S, T, V, W, X, Y, Z.

ইংরেজীর একটি বিশিষ্টতা এই যে অক্ষরগুলোর উচ্চারণ আলাদাভাবে এক রকমের হয় ও সেই অক্ষরগুলো দিয়ে যখন শব্দ রচনা করা হয়, তখন তাদের উচ্চারণ অন্য রকমের হয়।

যেমন—G, H, L, M, N, P. ইত্যাদি অক্ষরগুলো জী, এইচ, এল, এম, এন, পি এরকমভাবে উচ্চারিত হয়। কিন্তু যখন তারা শব্দের অংশ হয় তখন তাদের উচ্চারণ সাধারণত 'গ', 'হ', 'ল', 'ম', 'ন' ও 'প' হয়।

ইংরেজী অক্ষরের উচ্চারণ পদ্ধতি

ইংরেজী বর্ণমালার অক্ষরের বিভিন্ন রকমের উচ্চারণের সাথে নীচে পরিচয় করানো হচ্ছে।

ইংরেজী বর্ণ	উচ্চারণের রূপ	ইংরেজী বর্ণ	উচ্চারণের রূপ
A (এ)	'অ' র মত যেমন—small (স্মল) এ 'এ' র মত যেমন—Way (ওয়ে) তে এ্যার মত যেমন—Man (ম্যান) এ	M (এম)	'ম' এর মত যেমন—man (ম্যান) এ
		N (এন)	'ন' এর মত যেমন—nose (নোস) এ
B (বি)	'ব' র মত যেমন— Book (বুক) এ	O (ও)	'ও' এর মত যেমন—open (ওপেন্) এ
C (সী)	'ক' র মত যেমন—Cat (ক্যাট) এ	P (পী)	'প' এর মত যেমন—post (পোস্ট) এ
	'স' র মত যেমন—Cent (সেন্ট) এ	Q (কিউ)	'ক' এর মত যেমন— quick (কুইক্) এ
D (ডী)	'ড' এর মত যেমন—Did (ডিড্)	R (আর)	'র' এর মত যেমন—remind (রিমাইন্ড) এ
E (ঈ)	'ঈ' র মত যেমন—She (শী) এ	S (এস)	'স' এর মত যেমন—small (স্মল) এ
	'এ' এর মত যেমন— men (মেন্) এ	T (টি)	'ট' এর মত যেমন—teacher (টিচার) এ
F (এফ্)	'ফ' র মত যেমন—Foot (ফুট্)	U (ইউ)	'আ' র মত যেমন—up (আপ্) cup (কাপ)

ইংরেজী বর্ণ	উচ্চারণের রূপ	ইংরেজী বর্ণ	উচ্চারণের রূপ
G (জী)	'গ' র মত যেমন—Good (গুড) এ		'উ' র মত যেমন—put (পুট) push (পুশ)
	'জ' র মত যেমন—George (জর্জ) এ		'ইউ' র মত যেমন—salute (স্যালিউট)
H (এইচ্)	'হ' র মত যেমন— hen (হেন্) এ	V (ভী)	'ভ' এর মত যেমন—value (ভ্যালু)
I (আই)	'ই' র মত যেমন—India (ইন্ডিয়া) এ	W (ডব্লিউ)	'ওয়্' এর মত যেমন—Walk (ওয়াক) এ
	'আই' এর মত যেমন—Kind (কাইন্ড) এ	X (এক্স)	'এক্স্' মত যেমন—x-ray (এক্স্-রে)
J (জে)	'জ' এর মত যেমন—Joke (জোক) এ	Y (ওয়াই)	'ইয়' র মত যেমন—young (ইয়ং)
K (কে)	'ক' এর মত যেমন—Kick (কিক্) এ	Z (জেড্)	'জ' এর মত যেমন—zoo (জু) তে
L (এল)	'ল' এর মত যেমন—Letter (লেটার) এ		

ইংরেজীর কতকগুলো সংযুক্ত অক্ষর— 'ch' এর উচ্চারণ 'চ' এর মত, 'th' এর 'ঠ' ও 'থ' এর মত 'ph' এর 'ফ' এর মত, 'sh' এ 'শ' এর মত ও 'gh' এ 'ঘ' এর মত হয়।

'gh'-এর আগে দীর্ঘস্বর থাকলে সে শব্দে 'gh' slient (উহ্য) হয়ে যায়। যখন right (রাইট)-এ।

বড় ও ছোট হাতের অক্ষরের ব্যবহার

ইংরেজীতে বাক্য সাধারণত ছোট অক্ষরেই লেখা হয়। কেবল কতকগুলো ক্ষেত্রে বড় হাতের অক্ষর লেখা হয়। সেগুলো নিম্নে দেওয়া হ'ল।

(i)	প্রত্যেক বাক্যের প্রথম অক্ষর বড় হাতের হয়—	This is a box, When did you come? etc.
(ii)	ব্যক্তিবাচক বিশেষ্য, (proper noun) বাক্যের যে স্থানেই হোক না, বড় অক্ষর দিয়ে লিখতে হয়—	The Ganges, The Taj, Mathura, Rahim etc.
(iii)	শব্দ রচনা করতে হলে Q এর সাথে U অবশ্যই থাকবে—	Quick, Cheque ইত্যাদি।
	ইংরেজী কবিতার প্রত্যেক স্তবকের প্রথম শব্দ বড় অক্ষর দিয়ে আরম্ভ হয়—	His coat is logged. And blown away. He drops his head, And he knows not why.
(iv)	ইংরেজীতে সংক্ষিপ্তকৃত অক্ষর বড় হাতের হয়—	N. B. P. T. O etc.
((v)	আল্লাহর নাম ও সর্বনামগুলো—	Allah, Lord, He, His
(vi)	মাস ও সপ্তাহের দিনের নাম—	January, March, Sunday, etc.
(vii)	উপাধির প্রথম অক্ষরগুলো—	B. A. L. L. B. M. Com. etc.

রোমান লিপিতে বাংলা বর্ণমালা

স্বরবর্ণ (Vowels)

AU	A	I	EE	U	U	R	LI
au	a	i	ee	u	u	r	li
অ	আ	ই	ঈ	উ	ঊ	ঋ	ঌ
A	AI	O	OU				
a	ai	o	ou				
এ	ঐ	ও	ঔ	[ঌ (লি)- এর ব্যবহার আজকাল হয় না]			

ব্যঞ্জনবর্ণ (Consanant)

K	KH	G	GH	N	CH	CHH	J	JH
k	kh	g	gh	n	ch	chh	j	jh
ক্	খ্	গ্	ঘ্	ঙ	চ্	ছ্	জ্	ঝ্
N	T	TH	D	DH	N	T		TH
n	t	th	d	dh	n	t		th
ঞ	ট্	ঠ্	ড্	ঢ	ণ	ত্		থ্
D	DH	N	P	PH	B	BH		M
d	dh	n	p	ph	b	bh		m
দ্	ধ	ন	প	ফ	ব	ভ		ম
Y	R	L	V	SH	SH	S		
y	r	l	v	sh	sh	s		
য়	র	ল	ব+	শ	ষ	স		

+ অন্তস্থ 'ব' এর উচ্চারণ সংস্কৃত, হিন্দী ইত্যাদিরতে ইংরেজী V এর মত হয়। বাংলায় 'ওয়্' দিয়ে এই শব্দটির উচ্চারণ করা যেতে পারে যেমন— জওয়াহর (Jawahar)

যদিও বাংলাতে V কে 'ভ' এর অনুরূপ উচ্চারণ করা হয়, এই শব্দটির আসল উচ্চারণ অন্তস্থ 'ব' ও 'হ' এর মাঝামাঝি হলেই ভাল হয়। হিন্দীতে 'V' কে 'র' এ অনুরূপ ধরা হয়। কিন্তু 'হ' এর সামান্য আভাস থাকলেই ভাল হয়। 'ভ' কে BH এর প্রতিরূপ হিসেবেই গণ্য করা উচিত, V এর নয়। 'প্রভাত'—prabhat, Provat নয়।

এইবার আমরা কতকগুলো বাংলা শব্দ রোমান্ লিপিতে লিখে তাদের উচ্চারণ ও লেখন পদ্ধতির সাথে আপনাদের পরিচয় করিয়ে দিই।—

এখন *Akhan*	গাধা *Gadha*	আম *Am*	হিন্দী *Hindi*	আচার *Achar*
নারী *Nari*	আসার *Ausar*	কাক *Kak*	বাংলা *Bangla*	কবিতা *Kavita*
পয়সা *Paisa*	ইংরেজী *Ingreji*	বুট *But*	স্ত্রী *Stree*	পানি *Pani*
ঘোড়া *Ghoda*	আবার *Abar*	এক *Ak*	কুকুর *Kukur*	উর্দু *Urdu*

নীচে বাংলায় কতকগুলো বাক্য ও তাঁদের ইংরেজী অনুবাদের রোমান লিপির রূপ দেওয়া হ'ল। এগুলো পড়ে ইংরেজীতে অনুবাদ করুন ও সেই বাক্যগুলোকে বাংলা লিপিতে লিখুন। এতে বাংলা শব্দাবলী কিরকমভাবে রোমান্ লিপিতে লিখতে হয় তার অভ্যাস হয়ে যাবে।

1. তুমি কোথায় যাচ্ছ? Where are you going?
   Tumi kothai jachcha? হুয়্যার আর ইউ গোয়িং?
2. ওখানে কেউ আছে? Is anyone there?
   Okhane keo achche? ইজ এনিওয়ান্ দেয়ার?
3. তুমি কি জাননা? Don't you know?
   Tumi ki janana? ডোন্ট্ ইউ নো?
4. এই জামাটা ময়লা This shirt is dirty.
   Ai jamata maila. দিস শার্ট ইজ ডার্টি।
5. আমার চুল কাটো। Cut my hair.
   Amar chul kato. কাট্ মাই হেয়ার
6. বাংলা একটি সহজ ভাষা। Bengali is an easy language.
   Bangla ekti sahaj bhasha. বেঙ্গলি ইজ এ্যান ঈজী ল্যাংগুয়েজ

'ক্ষ' বাংলাতে এই সংযুক্তাক্ষর কে 'ক্ খ' এর মত উচ্চারিত হয়। কিন্তু সংস্কৃত, হিন্দী ইত্যাদিতে 'ক্ ষ্' এর উচ্চারণ হয় 'K Sh বা X এর মত। যেমন— 'লক্ষ'। ইংরেজীতে লেখা উচিত Laksha! Lakkha লেখা ভুল হবে। 'দক্ষ' হবে Daksha, পক্ষী হবে 'Pakshi' ইত্যাদি।

N.B. বাংলাতে 'আত্মা' কে 'আঁত্তা', 'পদ্মা' কে 'পদ্দ' উচ্চারণ করা হয়। কিন্তু ইংরেজীতে লিখতে হবে Atma', 'Padma' etc. 'লক্ষ্মী' হবে 'Lakshmi', 'Lakkhi' নয়।

ডোনট্ ইউ কে ডোন্চ্যু ও উচ্চারণ করা হয়।

স্মরণীয় [To Remember]

1.(i) ক্ এর জন্য ইংরেজীতে c, k ও q স্থান বিশেষে ব্যবহার করা চলে। কখন কখন Ck ও লেখা হয়। যেমন—block, C এর উচ্চারণ 'স' ও হয় যেমন—cell সেল।

(ii) যদিও g তে 'গ' এর উচ্চারণ হয় (Good) ও j তে 'জ' এর (jam) কখন কখন (g) এর উচ্চারণ জ এর মতনও উচ্চারণ হয় যেমন—germ, generation.

(iii) v এর উচ্চারণ আগেই বলা হয়েছে। w দ্বারা অন্তস্থ 'ব' এর উচ্চারণ হয়, যেমন—well ওয়েল্।

(iv) বাংলার 'ফ' এর ইংরেজীতে ph দিয়ে উচ্চারণ করতে হয় f দিয়ে নয়। f এর সঠিক উচ্চারণ 'ফ' দিয়ে হয় না। একটু অভ্যাস করলেই পার্থক্যটা বোঝা যাবে।

2. কিছু বাংলা স্বর ও বর্ণের উচ্চারণের জন্য ইংরেজীর accent mark ও ব্যবহার হয়। যেমন— আ a, ঈ i, ঊ u, ঙ n, ণ n, ট t, ড d, ঋ r

3.

খ,	ঘ,	ছ,	ঝ,	ঠ,	ঢ,	থ,	ধ	ফ,	ও,	ভ
Kh,	gh,	chh,	jh,	th,	dh,	th,	dh,	ph,		bh

এই শব্দগুলোর উচ্চারণ বা লিখবার সময় ওদের পূর্ববর্তী অক্ষরের সাথে 'h' দিতে হয়।

13 ত্রয়োদশ দিন th Day

ইংরেজী উচ্চারণ English Pronunciation

ইংরেজী স্বরবর্ণের উচ্চারণ ভালভাবে জেনে নেওয়া দরকার কেননা একই স্বরের বিভিন্ন প্রকারের উচ্চারণ হয়। যেমন–'A' এর উচ্চারণ অ, আ, এ ও এ্যা এই চার রকম হয়। E এর উচ্চারণ হয় এ, ই ও ঈ (EE হলে); I এর উচ্চারণ হয় ই আয় ও কখন কখন অ এর মতও। O দিয়ে অ, ও, ই ও এর উচ্চারণ হয়, এবং U 'উ' ও অ'র মতনও উচ্চারণ হয়। এই উচ্চারণগুলো রপ্ত করতে ভালই লাগবে আপনার।

প্রথমেই আমরা স্বরবর্ণের উচ্চারণের সাথে পরিচয় করে নিই।

ইংরেজী স্বরবর্ণের উচ্চারণ

1. A এর উচ্চারণের নিয়ম—

A (a) এর উচ্চারণ প্রায়ই 'এ্যা', 'আ', 'অ', 'এ' র মত হয়।

(i) A—এ্যা [্যা]

An (এ্যান)-এক
At (এ্যাট)-প্রতি (কারও কোন বস্তুর)
Lad (ল্যাড)-ছেলে
Rat (র‍্যাট)-ইঁদুর
Man (ম্যান)-মানুষ
Stand (স্ট্যাণ্ড)-দাঁড়ানো
Mad (ম্যাড)-পাগল
Ban (ব্যান)-প্রতিবন্ধ

(ii) A—আ

Car (কার)-গাড়ি
War (ওয়ার)-যুদ্ধ
Far (ফার)-দূর
Are (আর)-হয়
Part (পার্ট)-অংশ
Grasp (গ্রাস্প্)-বুঝতে পারা
Wall (ওয়াল)-দেওয়াল

(iii) A—অ

Small (স্মল)-ছোট All (অল)-সব

(iv) A—এয়া

War (ওয়ার)-বাসনপত্তর, কোন-বেচার জিনিস। Spare (স্পেয়ার) -ছেড়ে দেওয়া, অতিরিক্ত।

Call (কল)-ডাকা For (ফর)-জন্য Care (কেঁয়ার)-সামলান। Dare (ডেয়ার)-সাহস করা।

Stop (স্টপ)-থামা Top (টপ)-শিখর Share (শেয়ার)-ভাগ।

(v) A-এ যদি A এর পরে I বা Y থাকে তবে A উচ্চারণ 'এ' এর মত হয়।

Pay (পে)-বেতন Way (ওয়ে)-রাস্তা

Stay (স্টে)-থাকা Gay (গো)-প্রসন্ন

Brain (ব্রেন)-মস্তিষ্ক Main (মেইন)-প্রধান

2. E এর উচ্চারণের নিয়ম—'E' (e) দিয়ে 'এ'-র ও 'ই' ও 'ঈ' -র মত উচ্চারণ হয়।

(i) E—e (এ)

Net (নেট্)—জাল Men (মেন্)—লোকেরা

Sell (সেল)— বিক্রী করা Well (ওয়েল)—মঙ্গল, কুয়ো

Leg (লেগ)—পা Then (দেন)—তখন

Wet (ওয়েট)—ভিজা When (হোয়েন)—কখন

(ii) E—(e)— ঈ

Be (বী) — হওয়া We (উই)—আমরা

He (হী)—উনি, সে She (শী)— তিনি, সে (স্ত্রীলিঙ্গ)

[উপরে e দিয়ে বানান শব্দগুলো চট করে উচ্চারণ করতে হয়। 'নেট' —কে বাংলার 'বেশ'— এর মত যেন উচ্চারণ না করা হয়। অত্যন্ত হ্রস্ব এ ও শেষের অক্ষরটি হযন্ত উচ্চারণ করতে হবে।]

(iii) E—E (ee) —ঈ আরও দীর্ঘ

এর উচ্চারণ হবে না। যেমন—

Wife (ওয়াইফ)—স্ত্রী Nine (নাইন)—নয় (সংখ্যা)

White (হোয়াইট)—সাদা, Line (লাইন) —রেখা

See (সী)—দেখা Bee (বী)—মৌমাছি

Weep (উঈপ)—কাঁদা Sleep (শ্লীপ)—ঘুমানো

'Ee' ও 'ee' দিয়ে লিখিত শব্দের উচ্চারণ পার্থক্যটা বুঝে নিন।

(c) পূর্ববতী স্বর O হলে তার উচ্চারণ দীর্ঘ 'ও' হবে ও E-এর উচ্চারণ হবে না। যেমন—

Nose (নো-ও-জ)—নাক Hope (হো-ও-প)—আশা

Smoke (স্মো-ও-ক)—ধোঁয়া Joke (জো-ও-ক)—পরিহাস

(iv) Ea—(ea)—ঈ

(d) পূর্ববর্তী স্বর U হলে তার উচ্চারণ হবে 'উ' বা 'ইউ' এর মত, E-র উচ্চারণ হবে না। যেমন—

Clean (ক্লীন)—পরিষ্কার Sea (সী)—সমুদ্র

Meat (মীট্)—মাংস Heat (হীট)—গরম করা

Rule (রুল)—নিয়ম Tune (টিউন)—সুর

June (জুন)—মাসের নাম Tube (টিউব)—নল

['ea'—এর উচ্চরণ 'e' ও 'ea'—র মাঝামাঝি।]

(v) E—(e) যখন এই অক্ষরের উচ্চারণ হয় না।

(vi) EW (ew)—ইউ

Few (ফিউ)—কিছু Sew (সিউ)—সেলাই

New (নিউ)—নতুন Dew (ডিউ)—শিশির

কোন শব্দের শেষের অক্ষর E হলে, সেই E টির উচ্চারণ হয় না। আর সেই E —এর আগে একটি বা একটির অধিক ব্যঞ্জনবর্ণ (Consonants) ছেড়ে যে স্বরবর্ণ (Vowels) থাকে, সেই স্বরের উচ্চারণ দীর্ঘ হয়ে যায়। নীচে পূর্ববর্তী স্বর A, I, O, U-র সাথে অন্তিম বর্ণ E থাকলে সেই শব্দগুলোর উচ্চারণ করার নিয়ম দেওয়া হল—

3. I–এর উচ্চারণের নিয়ম

1. (i) এর উচ্চারণ—আই, ই ও কখন কখন আবার 'আ' এর মত হয়।

(a) পূর্ববর্তী স্বর A হলে তার উচ্চারণ দীর্ঘ 'এ' হয় ও অন্তিম E—র উচ্চারণ হয় না। যেমন—

(i) I—ই (হ্রস্ব উচ্চারণ)

Shame (শে-এ-ম) —লজ্জা Name (নে-এ-ম)—নাম

Lame (লে-এ-ম)—খোঁড়া Same (সে-এ-ম)—একই

Ill (ইল্)—অসুস্থ Kill (কিল)—হত্যা করা

Ink (ইংক)—কালি Ship (শিপ)—জাহাজ

(b) পূর্ববর্তী স্বর I হলে তার উচ্চারণ 'আই' হয়। E-

(ii) I—আই

Kind (কাইন্ড)—দয়ালু Mild (মাইল্ড)—কোমল, হাল্কা

Behind (বিহাইন্ড)—পেছনে Mike (মাইক)—মাইক্রোফোন

(iii) I আই

যদি I এর পরে GH আসেতো I এর উচ্চারণ 'আই' বা 'আঈ" হয়।

Right (রাইট)—ঠিক Sight (সাইট)—দৃষ্টি

Light (লাইট)—আলো, হাল্কা Might (মাইট)—শক্তি

High (হাই)—উঁচু Bright (ব্রাইট)—উজ্জ্বল

(iv) I—আয়

Fire (ফায়ার)—সংস্থা Admire (অ্যাডমায়ার)—প্রশংসা করা

(v) I—'আই'

Firm (ফার্ম)—সংস্থা First (ফার্স্ট)—প্রথম

(vi) IE—ঈ

Receive (রিসীভ)—নেওয়া Achieve (অ্যাচিভ)—প্রাপ্ত করা

Sieve (সীভ্)—চালনী Siege (সীজ)—ঘিরে ফেলা

4. O এর উচ্চারণ করার নিয়ম—

o (o) এর উচ্চারণ সাধারণতঃ 'অ', 'ও' 'উ' 'উ' —র মত হয়।

(i) O —অ হ্রস্ব

Ox (অকস)—বলদ Box (বকস)—বাকস

On (অন)—ওপরে Fox (ফকস)—খেঁকশিয়াল

Got (গট)—পেয়েছে, পেয়েছি Hot (হট)—গরম

Pot (পট)—পাত্র Spot (স্পট)—দাগ

Top (টপ)—শিখর Drop (ড্রপ)—ফেলে দেওয়া

Dot (ডট)—বিন্দু Soft (সফ্ট)—নরম, মোলায়েম

Not (নট)—না God (গড)—আল্লাহ

(ii) O—ও দীর্ঘ উচ্চারণ

Open (ওপেন)—খোলা So (সো)—অতএব

Hope (হোপ)—আশা No (নো)—না

Old (ওলড)—পুরাতন gold (গোল্ড)—সোনা

Fold (ফোল্ড)—গোটানো, ভাঁজ করা Sold (সোল্ড)—বিক্রীত

Home (হোম)—বাড়ি Most (মোস্ট)—বেশীর ভাগ

Joke (জোক)—পরিহাস Post (পোস্ট)—ডাক

(iii) O—ও (দীর্ঘ উচ্চারণ)

শব্দের শেষ অক্ষর W হলে উচ্চারণ আগের (ii) মতই হবে, তবে ঠিক অতটা দীর্ঘ হয় না।

Low (লো)—নীচু Show (শো) প্রদর্শন

Row (রো)—সারি Crow (ক্রো)—কাক

Sow (সো)—বীজ বোনা Bow (বো)—ঝুঁকে দাঁড়ানো

(iv) O—উ (দীর্ঘ উচ্চারণ)

Look (লুক)—দেখা Book (বুক)—বই

Took (টুক)—নিয়েছিল Good (গুড)—ভাল

(v) O—উ (দীর্ঘ উচ্চারণ)

Room (রুম)—ঘর Moon (মুন)—চাঁদ

Boot (বুট)—জুটা Noon (নুন)—দুপুর

Do (ডু)—করা Shoe (শু)—জুতা

(vi) O—অ (হ্রস্ব উচ্চারণ)

Son (সন)—পুত্র Come (কাম)—এসো

(vii) OW—আও

How (হাউ)—কেমন করে Cow (কাও)—গরু

Now (নাউ)—এখন

(viii) OY—অয়

Joy (জয়)—আনন্দ Boy (বয়)—ছেলে

Toy (টয়)—খেলনা

(ix) OU—আওয়া

Our (আওয়ার)—আমাদের Sour (সাওয়ার)—টক

Hour (আওয়ার)—ঘণ্টা

5. U—উচ্চারণ করার নিয়ম

U (u) উচ্চারণ হয় নিম্ন প্রকার মত— 'আ' (খুবই হ্রস্ব), 'উ', 'ইউ', ও 'ইয়ো'।

(i) U আ (খুবই হ্রস্ব)

Up (আপ)—ওপরে Cup (কাপ)—পেয়ালা

Tiub (টাব)—বড় গামলা, স্নানাগার Hut (হাট)—কুঁড়েঘর

Fun (ফান)—কৌতুক Mud (মাড)—কাদা

Sun (সান)—সূর্য্য Must (মাস্ট)—অবশ্য

Cur (কার্ড)—দই Dust (ডাস্ট)—ধুলো

Cut (কাট)—কাটা Jump (কাম্প)—ঝাঁপানো

(ii) U—উ

Put (পুট)—রাখা　　Pull (পুল)—টানা

Push (পুশ)—ধাক্কা দেওয়া　　Puss (পুস)—বেড়াল

(iii) U—ইউ; ইয়ো

Duty (ডিউটী)—কর্তব্য করা　　Cure (কিয়োর)—সুস্থ

Durable (ডিউরেবল)—টেকসই　　Sure (শিয়োর)—নিশ্চয়ই

6. Y-উচ্চারণ করার নিয়ম—

এই ব্যঞ্জনবর্ণটির কখন কখন স্বরের মতও উচ্চরণ হয়। প্রাচীন ইংরেজীতে Y কে স্বরবর্ণ হিসেবেই গণ্য করা হতো। কিন্তু ধীরে ধীরে I এই বর্ণটির স্থান নিয়ে নিয়েছে। মাত্র অল্প কয়েকটি স্থানে Y কে স্বরবর্ণ হিসেবে ব্যবহার করা হয়। যেমন—

(i) Y—ই

Polygamy (পলিগ্যামি)।বহু বিবাহ　　Policy (পলিসি)—নীতি

Felony (ফেলোনি)—ঘোরতর অপরাধ

(ii) Y—আয়

Tyre (টায়ার)—টায়ার　　Tyrant (টায়রান্ট)—অত্যাচারী

Typhold (টায়ফয়েড)—আন্ত্রিক জ্বর

(iii) Y—আই

Dyke (ডাইক)—বাঁধ　　Dynasty (ডায়নাসটি)—(রাজ)—বংশ

Type (টাইপ)—প্রকার　　Tycoon (টাইকুন)—বড় ব্যবসায়ী

স্মরণীয় To Remember

1. fan, fall fail এই তিনটি শব্দকে 'a' র উচ্চারণ 'এ্যা' 'অ' ও 'এ' মত হয়। (এইরকম অন্য শব্দ খুঁজুন ও সেই শব্দগুলোর উচ্চারণ করার নিয়ম অভ্যাস করুন।
2. wet, be, see—এই শব্দগুলোকে 'e' এর উচ্চারণ হয় 'এ' (ওয়েট), ই (বি) ও ঈ (সী) এর মত। Shame, line, hope এ e উহ্য থাকে তবে শব্দের প্রথমে স্বরবর্ণগুলোর উচ্চারণ দীর্ঘ হয়ে যায়।
3. i এর উচ্চারণ যে (খুবই হ্রস্ব) 'আ' এর মত হয় তা জানিন কি? দেখুন firm (ফার্ম) এর উচ্চরণ। i এর কখনও কখনও 'আয়' এর মতও উচ্চারণ হয়, যেমন— fire (ফায়ার)
4. oo এর উচ্চারণ ঊ (দীর্ঘ) তো হয়ই। যেমন— (room) (রুম), (হ্রস্ব) উ ও হয়। উদাহরণস্বরূপ ঃ book (বুক), look (লুক) ইত্যাদি।
5. o এর উচ্চারণ 'ও' এবং u এর উচ্চারণ 'ঔ' র মত ত হয়ই, কখন কখন কিন্তু খুবই হ্রস্ব 'আ' এর মতন ও হয়। যেমন— son (সান)—পুত্র ও sun (সান)—সূর্য্য।

এই পাঠ থেকে আপনি ইংরেজি স্বরবর্ণের উচ্চারণ ভালভাবে করতে পারা শিখলেন। এখন ইংরেজী বই থেকে শব্দের উচ্চারণ করা শিখতে থাকুন।

14 চতুর্দশ দিন 14th Day

ইংরেজি ব্যঞ্জনবর্ণের উচ্চারণ

ইংরেজী স্বরবর্ণের মত কিছু ব্যাঞ্জনবর্ণের (Consonant) উচ্চারণও বিভিন্ন প্রকারে হয়। যেমন — C এর উচ্চারণ স ও ক হয়; G এর গ ও জ; S এর স, শ, ও জ; T এর স, চ, থ ও দ ইত্যাদি। আপনি যদি নিম্নলিখিত বিবরণ অনুযায়ী ইংরেজী ব্যঞ্জনবর্ণের উচ্চারণ শিখে নিতে পারেন তবে আপনার পক্ষে ইংরেজী শব্দের উচ্চারণ করা সহজ হবে।

B	C	D	F	G	H	J
ব	স	ড	ফ	গ	হ	জ
K	L	M	N	P	Q	R
ক	ল	ম	ন	প	ক	র
S	T	V	W	X	Y	Z
স	ট	ভ	ওয়	ক্স্	য়	জ +

ইংরেজী ব্যঞ্জনবর্ণের উচ্চারণে মোটের ওপর নীচে দেওয়া বাংলা অক্ষরের মতই হয়ে থাকে। কিন্তু তা একেবারে সঠিক নয়। যদি আপনি এখন কোন ব্যক্তির মুখে ইংরেজী শোনেন, তবে দেখবেন BDGKPT— এর উচ্চারণ ঠিক, ব, ড, গ, ক, প, ট—এর মত নয়। ক্রমশ ঃ ব,—ভ, ড—ঢ, গ—ঘ, ক—খ, প—ফ, ও ট—ঠ এর মাঝামাঝি হয়। সেই J ও ঠিক জ না হয়ে অনেকটা ড্জ (job) (জ্ব) এর মতন হয়। কিন্তু পার্থক্য এতই সুক্ষ যে সহজে ধরা যায় না। সঠিক উচ্চারণ শিখতে হলে রেডিওতে ইংরেজী খবর পড়া বা কোন ইংরেজী মাতৃভাষাভাষীর ব্রডকাস্ট শুনুন।

R কে নেওয়া যাক। আমরা যদি আর্‌র্‌ বলতে থাকি তা আমাদের ডিব কাঁপতে থাকে। যেমন— ধর্ম শব্দটির উচ্চারণ করার সময় হয়। ইংরেজী R এর উচ্চারণ অনেকটা এই রকমের হয়। round, read, roll, run এই শব্দগুলোর উচ্চারণ করে R এর উচ্চারণের বিষয়ে অবহিত হউন।

ইংরেজী শব্দে যদি R এর আগে স্বর (vowel) ও পরে ব্যঞ্জন (consonant) থাকে তবে R প্রায়ই উহ্য (Silent) হয়ে থাকে। যেমন— Form (ফ-অ-ম), arm (আ-আ-ম), art (আ-আ-ট)।

S এর উচ্চারণ 'স' এর মত হয়, কিন্তু 'স' এর উচ্চারণ শিষ দেওয়ার সময় যে রকম আওয়াজ হয়, সেইরকম করতে হয়। যেমন—sweet (সুইট)

C	F	H	L	M	N
স, ক	ফ	হ	ল	ম	ন
Q	V	W	X	Y	Z
ক	ভ	ওর্‌	কস্‌	য়	জ

এই ব্যঞ্জনগুলোর উচ্চারণ ঐ অক্ষরগুলোর নীচে দেওয়া বাংলা বর্ণের মতনই হয় সাধারণত ঃ (কেবল V ও Z ছাড়া)

[F ও Ph এর উচ্চারণ একই প্রকার করা হয় যেমন— Fall (ফল) ও Philosophy ফিলসফি) ইত্যাদি। বাংলাতে f ও ph এর উচ্চারণ 'ফ' এর মত করা হলেও তা সঠিক নয়। শিষ দেওয়ার মত করে অথচ 'স' এর কোন রকম আভাস না দিয়ে, ইংরেজীতে f ও ph এর উচ্চারণ করতে হয়।

[*(v)—এর উচ্চারণ বাংলাতে ভ এর মত করা প্রচলিত। কিন্তু এই অক্ষরটির উচ্চারণ অন্তস্থ 'ব' —র মত হওয়া উচিত। কিন্তু বাংলাতে অন্তস্থ 'ব' এর উচ্চারণও প—বর্গের 'ব' মত হয়। এজন্য V এর প্রতিশব্দ বাংলাতে পাওয়া যায় না। 'ওয়' এবং 'হী' এই শব্দাংশগুলো একই সাথে অতি শীঘ্র উচ্চারণ করতে পারলে অনেকটা V-র আসল উচ্চারণের মত হবে।
কেবলমাত্র সুবিধার জন্য আমরা V—এর প্রতিশব্দ ভ লিখব।

(+ Z এর সঠিক উচ্চারণ 'জ' দিয়ে হয় না। জ এর আগে সামান্য 'স' দিতে হয়। পূর্ববঙ্গের জ—এর উচ্চারণের সাথে Z এর অনেকটা মিল আছে।

ইংরেজী একই বর্ণের বিভিন্ন উচ্চারণ

বাংলাতে 'স' দিয়ে যে কোন শব্দই রচনা করা হোক না কেন, তার উচ্চারণের কোন প্রভেদ হয় না। কিন্তু ইংরেজীতে সব সময় তা হয় না। CENT এর উচ্চারণ সেন্ট, কিন্তু CANT-এর উচ্চারণ কান্ট। এই রকম আরও অনেক শব্দ নীচে দেওয়া হল।

'C' এর উচ্চারণ

I. C এর পর, E, I, Y থাকলে উচ্চারণ স এর মত হবে। উদাহরণ ঃ

Receive (রিসীভ) —নেওয়া
Cinema (সিনেমা)—ছায়াচিত্র
Niece (নীস)—ভাইঝি, ভাগ্নি
Icy (আইসী)—বরফের মত
Century (সেনচুরী)—শতাব্দী, শত
Circle (সার্কল)—বৃত্ত
Citizenship (সিটিজেনশিপ)—নাগরিকতা
Rice (রাইস)—চাল
Cyclon (সাইক্লোন)—ঘুর্ণিঝড়
Piece (পীস)—টুকরো
Celebrate (সেলিব্রেট)—উৎসব পালন করা
Certificate (সার্টিফিকেট)—প্রশংসাপত্র
Source (সোর্স)—উৎস

2. C এর পর A, O, U, K, T ইত্যাদি উচ্চারণ ক এর মত হয়।

Cot (কট)—পালঙ্ক, ঢারপাই
Cow (কাউ)—গরু
Condidate (ক্যান্ডিডেট)—প্রত্যাশী
Back (ব্যাক)—পিঠ, পেছনে
Lock (লক)—তালা
Cutting (কাটিং)–কাটা
Custom (কাসটম)—রীতি
Cap (ক্যাপ)—টুপি
Cat (ক্যাট)— বিড়াল
Cattle (ক্যাটল)—গরু ইত্যাদি জীব-জন্তু
Cock (কক)—মোরগ
Douk (ডক)—বন্দরে যেখানে জাহাজ এসে থামে
Curse (কার্স)—শপ দেওয়া
Curel (ক্রয়েল)—নিষ্ঠুর

3. কখন কখন C এর পর IA বা EA থাকে। সেক্ষেত্রে C এর উচ্চারণ শ এর মত হবে। উদাহরণস্বরূপ ঃ

Social (সোশাল)—সামাজিক
Ocean (ওশান) মহাসাগর
Musician (মিউজিশিয়ান)—সঙ্গীতজ্ঞ

G— এর উচ্চারণ

g—দু'রকমভাবে উচ্চারিত হয় 'গ' এর মত ও 'জ' এর মত।

1. শব্দের শেষে GE থাকলে G এর উচ্চারণ 'জ' এর মত হবে। যেমন—

Age (এজ)—বয়স
Page (পেজ)—পাতা
Rage (রেজ)—ক্রোধ

নিচের কতকগুলো শব্দে g এর উচ্চারণ 'জ' এর মত হবে। যেমন–

Ginger (জিনজার)—আদা
Pigeon (পিজন)—পায়রা
Imagine (ইমাজিন)—কল্পনা করা
germ (জার্ম)—জীবানু

2. অন্য প্রায় সব ক্ষেত্রেই G এর উচ্চার গ এর মত হবে।

Big (বিগ)—বড়
Gold (গোল্ড)—সোনা
Bag (ব্যাগ)—থলে
Hanger (হাংগার)—ক্ষুধা
Hang (হ্যাঙ্গ)—ঝোলান
Give (গিভ)—দেওয়া

S -এর উচ্চারণ

S সাধারণতঃ তিন রকমভাবে উচ্চারণ করা হয় — 'স', 'শ' ও 'জ' এর মত।
[তবে এই স্থানে 'জীবন' এর 'জ' এর মত কাজ উচ্চারণ করলে ভুল হবে। সামান্য একটু 'স' এর আভাস থাকা দরকার।

1. শব্দের শেষে be, g, gg, ge, oe, ie, ee, y ইত্যাদি ও তারপরে S থাকলে উচ্চারণ জ এর মত হয় (ওপরে টীকা দ্রষ্টব্য)

Tribes (ট্রাইবজ)—জাতি (বহুবচন)
Rupees (রূপীজ)—টাকা (বহুবচন)
Stories (স্টোরিজ)—গল্পগুলো
Ages (এজেজ)—যুগ (বহুবচন)
Bags (ব্যাগজ)—থলিগুলো
Toys (টয়েজ)—খেলনাগুলো

Hearoes (হিরোজ)—বীরগণ, নায়কগণ Eggs (এগজ)—ডিমগুলো Rays (রেজ)—কিরণগুলো

2. শব্দের আন্তে F, P, PE, TE ও তারপর S থাকলে উচ্চারণ 'স' এর মত হয়—

ʳs (রূপস)—ছাদগুলো Kites (কাইটস)—ঘুড়িগুলো Chips (চিপস)—টুকরোগুলো

ˌ (শিপস)—জাহাজগুলো Hopes (হোপস)—আশা (বহুবচন) Jokes (জোকস)—পরিহাসগুলো

3. শব্দে যদি s বা ss থাকে ও তারপর IA বা ION হয়, তবে s এর উচ্চারণ শ এর মত হয়। যথা ঃ

Asia (এশিয়া)—মাহাদেশ এর নাম Aggression (এ্যাগ্রোশন)—আক্রমণ Pension (পেনশন)—পেনশন

Mansion (ম্যানশন)—প্রাসাদ, অট্টালিকা Session (সেশন)—কার্যকাল, অধিবেশন Russia (রাশিয়া)—সোভিয়েত রাশিয়া

T এর উচ্চারণ

স্থান বিশেষ T এর উচ্চারণ 'শ' 'চ' 'থ' ও 'দ' এর মত হয়—

1. শব্দে T এর পরে IA, IE, IO ইত্যাদি বর্ণ থাকলে T কে 'শ' এর মত উচ্চারণ করা হয়। যেমন–

Initial (ইনিশিয়াল)—প্রারম্ভিক Portion (পোরশন)—ভাগ Patient (পেশেন্ট)—রোগী

Promotion (প্রমোশন)—বৃদ্ধি, পদোন্নতি Illustration (ইলাস্ট্রেশন)—চিত্র Ration (রেশন)—অনুপাত

2. যদি শব্দ S এর পরে tion থাকে বা T এর পর ure থাকে তবে T এর উচ্চারণ 'চ' এর মত হয়।

Question (কোয়েশ্চন)—প্রশ্ন Future (ফিউচার)—ভবিষ্যৎ Culture (কালচার)—সংস্কৃতি

Capture (ক্যাপচার)—বন্দী করা Nature (নেচার)—প্রকৃতি Picture (পিকচার)—ছবি

3. শব্দে T এর পরে IA, IE, IO ইত্যাদি বর্ণ থাকলে T কে 'শ' এর মত উচ্চারণ করা হয়। যেমন–

Initial (ইনিশিয়াল)—প্রারম্ভিক Portion (পোরশন)—ভাগ Patient (পেশেন্ট)—রোগী

Promotion (প্রমোশন)—বৃদ্ধি, পদোন্নতি Illustration (ইলাস্ট্রেশন)—চিত্র Ration (রেশন)—অনুপাত

4. কখন কখনও TH-'ট' হিসেবে উচ্চারিত হয়। যেমন—

Thames [টেমস্]—টেমস নদী Thomas [টমাস]—ব্যকিনাম

স্মরণীয় [To Remember]

১. B, D, G, K, P, T এর উচ্চারণ তথা বর্ণ অনুযায়ী ব, ড, গ, ক, প, ট এদের তফাৎ কোথায় এবং কি সেটা ভালভাবে বুঝতে চেষ্টা করুন।

২. Of এর সাধারণ উচ্চারণ "অফ" হয় কিন্তু বিলাতের লোকেরা "আফ" বলে। (এ বিষয়ে অক্সফোর্ড ডিকশনারী দেখুন)।

৩. The এর উচ্চারণ কেউ কেউ "দি" বলে আবার কেউ 'দ্যা' বলে (কেউ কেউ মনে করেন 'দি' বলা ভুল আবর কেউ কেউ 'দ্যা' ভুল বলেন। কিন্তু দুটোই ঠিক। অক্সফোর্ড ডিকসনারী অনুসারে শব্দের আগে স্বরবর্ণ থাকলে The এর উচ্চারণ "দি" হয়। যেমন— The answer (দি আনসার) আর ব্যঞ্জনবর্ণ থাকলে the 'দ্যা' এর মত উচ্চারণ হয়। (যেমন— The question 'দ্যা' কোয়েশ্চন)।

৪. "C" কে স ক; 'G' কে গ, জ; 'S' কে স, শ; T শ, চ ইত্যাদি উচ্চারণ করা হয়। অভ্যাস করে প্রভেদটা আরও বুঝতে চেষ্টা করুন।

15 পঞ্চদশ দিন 15th Day

শব্দে অনুচ্চারিত অক্ষর (Silent letters in words)

ইংরেজীতে কতকগুলো অক্ষর অনুচ্চারিত (অর্থাৎ silent) থাকে। বিদেশী ভাষায় **এই বৈশিষ্ট্য** বাংলাদেশী **শিক্ষার্থীদের** পক্ষে অনুধাবন করা কষ্টকর। নীচে এগুলো সুন্দরভাবে দেখানো হয়েছে। এদের অভ্যাস করে নিন। তাতে কিছুদিনের মধ্যে আপনি এই রকম শব্দের উচ্চারণের তোতা (mastery) হয়ে যাবেন।

1

নিম্নলিখিত শব্দগুলো জোরে জোরে উচ্চারণ করে পড়ুন ও সামনে লেখা উচ্চারণের দিকে দৃষ্টি দিন কোন্‌টি ঠিক তা জেনে নিন।

1.	2.
Bomb (বম	বম্ব)—বোমা
Cumb (কাম	কাম্ব)—চিরুনী
Dumb (ডাম্	ডাম্ব)—বোবা
Thumb (থাম্	থাম্ব)—বুড়ো আঙ্গুল
Tomb (টুম্	টুম্ব]—সমাধি
Lamb (ল্যাম	ল্যাম্ব]—মেষ শাবক
Debt (ডেট্	ডেবট্)—ধার
Doubt (ডাউট	ডাব্‌ট)—সন্দেহ

আপনি বোধ হয় বুঝতে পেরেছেন যে বম্, কোম্ ডাউট ইত্যাদি No. 1 এর উচ্চারণগুলোই ঠিক, No. 2 এরগুলো নয়। স্পশ্‌ই, এই শব্দগুলোতে b silient অনুচ্চারিত হয়।

ইংরেজীতে এইরকম অসংখ্যা শব্দ আছে ফলে তাদের Spelling এর প্রায়ই ভুল হয়ে যায়। লেখা হয় debt ডেব্‌ট কিন্তু উচ্চারণ করা হয় ডেট। এই শব্দে b silent আছে বলা হয়।

বাংলায় এরকম উচ্চারণ হয় না। বম্ব লেখা হলে তার উচ্চারণে 'বম্ব' ই হবে। বম কখনই নয় বাংলাতে যে শব্দ লেখা হয়, ঠিক সেরকমই তার উচ্চারণ হয়।

এখন প্রশ্ন উঠে, এই যে ইংরেজীতে স্বরবর্ণের উচ্চারণে এত বিবিধতা কেন? লেখা হ'ল কিছু, আর উচ্চারণ হ'ল অন্য কিছু কোন কোন অক্ষর অনুচ্চারিত থাকে? যদি উচ্চারণ করা নাই হ'ল তবে রাখা হল কেন?

এর উত্তর দেয়া কঠিন ও বিতর্ক সাপেক্ষ। ভাষা বিজ্ঞান — এর ছাত্র হিসেবে আমি কেবল এইটুকুই নিবেদন করতে পারি যে ইংরেজী জাতি অত্যন্ত পরম্পরা ভক্ত। অতীতের সাথে সম্বন্ধ বিচ্ছেদ তারা সহজে করতে পারে না। ইংরেজরা নিজেদের ভাষাতে পুরাতন অনেক ভাষার শব্দকেই স্থান দিয়েছে তাদের উচ্চারণ ও বানান যথাবৎ রেখে। উচ্চারণ সময়ের সাথে হয়ত বদলেছে, কিন্তু বানান বদলায়নি। না ইংজো তা বদলাতে বিশেষ ইচ্ছুক। কেননা তাদের ভয় যে হয়ত পরিণামে শব্দের অর্থ বোধগম্য হবে না। বাংলার শব্দই দেখুন। ধর্ম্ম, শর্ম্ম, কর্তব্য, বর্দ্ধমান ইত্যাদি শব্দ আজকাল ধর্ম, শর্ম কর্তব্য, বর্ধমান, এইভাবে উচ্চারণ করা হয় ও লেখাও সেইরকমভাবেই হয়। কিন্তু ইংরেজ জাতি পুরাতন উচ্চারণের আসক্তি থেকে মুক্ত হতে পারেনি। Know (নো)— জানা। এর থেকে হয়েছে Knowledge—নলেজ। এতে K. W. D ও শব্দের শেষের e এই চারটি অক্ষর Silent) আবার এই শব্দের আগে ac (এ্যাক) জুড়ে দিলে হয়ে যায় acknowlegement (এ্যাক্‌নলেজমেন্ট)। কিন্তু যদি Nolege লেখা হয় (Knowlegdge—এর স্থানে) তবে ইংরেজের মতে এই শব্দের না থাকে মাথা থাকে না মুণ্ড। আর এই রকমভাবে বানান করা হলে তো শব্দের প্রাসাদ তাসের ঘরের মত ভেঙ্গে চুরমার হয়ে যাবে।

অতএব, একথা স্বীকার করা ভাল যে ইংরেজীতে কিছু অক্ষর silent থাকে। তারপর এই শব্দে বানান উচ্চারণ ও অর্থ বোঝার চেষ্টা করা উচিত। দেখবেন কিছুদিনের মধ্যেই আপনি এগুলো রপ্ত করে ফেলেছেন।

2

শব্দের প্রথম অক্ষর কি অনুচ্চারিত থাকে?

শব্দের প্রথম অক্ষরটিই Silent হয় নাকি কখন কখন? হ্যাঁ, হয়। নীচে দেয়া শব্দগুলোর বানান ও উচ্চারণ ভালভাবে লক্ষ্য করুন।

Gnat (ন্যাট)— কটী বিশেষ, লড়াকু বিমান
honour (অনার) — সম্মান
hour (আওয়ার)— ঘণ্টা
Pneumonia [নিউমোনিয়া]—ফুসফুস ঘটিত অসুখ
Psychology (সাইকলজি)—মনোবিজ্ঞান
write (রাইট)—লেখা
knowledge (নলেজ)—জ্ঞান

উপরে দেয়া শব্দের প্রথম অক্ষরগুলো silent থাকে, তাদের উচ্চারণ হয় না। এবার এ শব্দগুলোর উচ্চারণ করুণ —wrong, know, knitting, honest, psalm. (রং, নো, নিটিং, অনেস্ট, সাম)
Knitting-এ k ও দ্বিতীয়। t-এর উচ্চারণ হ'ল না, বলা হয় niting. সেই রকম psalm-এর P ও I-এর উচ্চারণ হয়ই না।

3

High এর উচ্চারণ হল হাই, ও right এর রাইট। এরকমভাবে নীচে প্রদত্ত শব্দগুলোর উচ্চারণ করুন।

sigh (দির্ঘশ্বাস ফেলা)	fight (লড়াই করা)	might (শক্তি)	fight (উড়ে যাওয়া)
thigh (উরু)	light (আলো)	night (রাত্রি)	dulight (আনন্দ)
thought (যদিও)	bright (উজ্জ্বল	tight (শক্ত)	knight (বীর পুরুষ)
through (দ্বারা)	silight (সামান্য)	fight (ভয়)	sight (দৃশ্য)

এই শব্দগুলো আপনাদের পরিচিত। এখন বলুনতো এমন কোন দু'টি বর্ণ আছে যা সবকটি শব্দেই silent? ঠিক ধরেছেন— gh হ্যাঁ, knight—এ k অনুচ্চারিত silent.
এখন নীচের তালিকাগুলো থেকে দেখে বলুন কোন কোন শব্দ বর্ণ অনুচ্চারিত হচ্ছে। এই স্পেলিংগুলো ভাল করে জেনে নিন ও লেখার অভ্যাস করুন।

C silent

scent (সেন্ট)—আতর
science (সাইন্স)—বিজ্ঞান
scene (সীন)—দৃশ্য

H silent

honour (অনার)—সম্মান
hour (আওয়ার)—ঘণ্টা
thomas (টমাস)—টমাস (নাম)

L silent

palm (পাম) — হাতের চেটো
calm (কাম) শান্ত
half (হাফ)—অর্দ্ধেক
calf (কাফ)—বাছুর
could (কুড)—পারত (can- এর অতীতকাল)

G silent

sign (সাইন)—চিহ্ন
design (ডিজাইন)—নক্সা
rasign (রিজাইন)—পদত্যাগ করা

K silent

knock (নক) —দরজায় টোকা দেয়া
knife (নাইফ)—ছুরি
knot (নট)—গিট

L silent

folk (ফোক)—লোকজন
talk (টক)—কথা বলা
should (সুড্)—করা উচিত (shall-এর অতীতকাল)
would (উড্)—করবে (wil-এর অতীত কাল)

N silent

autumb (অটম)—শরৎকাল

condemn (কনডেম্)—নিন্দাকরা

U silent

guard (গার্ড)—চৌকিদার

guess (গেস্)—অনুমান করা

guest (গেস্ট)—অতিথি

T silent

hasten (হেস্ন)—তাড়াতাড়ি করা

listen (লিস্ন্) —শোনা

W silent

wrong (রঙ)—ভুল

answer (আন্সার)—উত্তর

sword (সোর্ড)—তরবারি

এবার নিচে দেয়া শব্দগুলোর উচ্চারণ করে মজা করুন ও বলুন কোন কোন অক্ষর এগুলোতে silent—drachm, heir island, parliament, reign, wrapper, wednesday না এদের উচ্চারণ যথাক্রমে ড্রাক্ম, হেয়ার, ইজল্যণ্ড, পার্লিয়ামেন্ট, রিগ্যান, ওয়ার‍্যাপার, ওয়াডনেসডে নয়। ঠিক উচ্চারণ ড্রাম (এক আউন্সে ১/২৬ ভাগ) এয়র (উত্তরাধিকারী) আইল্যাণ্ড, (দ্বীপ), পার্লামেন্ট (সংসদ), রেন (রাজত্ব করা), ব্যাপার (আলোয়ান) ও ওয়েন্স্ডে (বুধবার)
এই রকম আরও অনেক শব্দ খুঁজে বের করে মজা নিন ও তাদের উচ্চারণে সঠিকতা উপলব্ধি করুন।

স্মরণীয় [To Remember]

1. প্রাচীন এ্যাংলো স্যাক্সন যুগে (a) might, thought, (b) cought, enough ইত্যাদি শব্দ gh-এর উচ্চারণ হত। রোমান প্রভাবের ফলে এই gh গুলোর উচ্চারণ হয় লুপ্ত হয়ে যায়, বা কোমল (f) হয়ে যায় (cough enough)। ঠিক এই রকমই কখনও কখনও Knife, gnaw, sword এর উচ্চারণ, "ক্লাইভ' 'গ্নে' "সোওয়ার্ড' হত। কালক্রমে এদের উচ্চারণ হয়ে যায় 'নাইফ' 'ন' ও 'সোর্ড' আজকাল তা February, Important এও I এর উচ্চারণ প্রায় হয়ই না। বলা হয় ফেব্রুয়ারী, ইম্পর্টন্ট ও ইম্পোন্ট, এর থেকে দেখা যায় যে উচ্চারণে সরলতা আনার দিকে আজকাল ঝোঁক।
2. এবার লক্ষ্য দেওয়া যায় debt এর প্রতি। এই শব্দে b অনুচ্চারিত কি করে হ'ল? ইংরেজীতে এই শব্দটি আসে French (detde) থেকে, সেইজন্য তার উচ্চারণও হ'ল। det কিন্তু ভাষাবিজ্ঞানীরা দেখলেন যে এই শব্দটির উৎপত্তি Latin debitum (ডেবিটুম) থেকে। সেজন্য মূল শব্দের সাথে সামঞ্জস্য রাখার জন্য বানান হল bebt। কিন্তু উচ্চারণ সেই আগের মতনই ডেট্ থাকল। ঠিক একই ব্যাপার doubt (Latin dubitum) ও receipt (receptum) doubt (receiptum)—এর ক্ষেত্রেও লেখা হয় doubt ও receipt. কিন্তু উচ্চারণ হয় ডাউট, রিসীট।

এর থেকে স্পষ্ট হয় যে silent বর্ণের ব্যবহার দু'ভাবে হয়েছে (i) প্রথমে মূল শব্দের পরিবর্তিত রূপ নিয়ে পরে সেই মূল শব্দের সাথে সম্বন্ধ দেখাবার জন্য বানান বদলানো হয়েছে কিন্তু উচ্চারণ একই থেকে যায়। (ii) কোন কোন শব্দের উচ্চারণ কঠোর (hard) থেকে কোমল (soft) করা হয়েছে উচ্চারণের সুবিধার জন্য।

16 ষোড়শ দিন 16th Day

প্রশ্নবাচক বাক্যরচনায় What, Who, How-এর ব্যবহার

মধ্যে আমরা রোমান লিপির বানান ও উচ্চারণ নিয়ে আলোচনা করলাম। এখন আমরা আবার ফিরে যাই যেখান থেকে উপরোক্ত বিষয়ের দিকে দৃষ্টি ফিরিয়েছিলাম। ষষ্ঠ এবং অষ্টম দিবেসে আমরা শিখেছিলাম যে তিনটি কালেই (Present, Past এবং Future) সহায়ক ক্রিয়া বাক্যের প্রথমে আনলে বাক্য প্রশ্নবাচক হয়ে যায়। যেমন–Does he know? Was Gopal reading? Will you play? ইত্যাদি। আমরা কেবল এইটুকুই এখানে যোগ করতে চাই যে, এই প্রশ্নবাচক শব্দগুলোর প্রথমে what, who, which, when, where, why ইত্যাদি থাকলে সেই বাক্যগুলোর অর্থ আরও ব্যাপক হয়ে যায়। আলাদাভাবে ও সমষ্টিভাবে আপনারা ১৬ শ থেকে ১৮ শ দিবসে এই রকম বাক্যগুলোর সাথে পরিচিত হবেন। যাক, এবার আরম্ভ করা যাক।

What

1.	প্র ঃ তুমি কি চাও?	A
	উ ঃ আমি এক গ্লাস দুধ চাই।	Q . What do you want? হোয়াট ডু ইউ ওয়ান্ট?
2.	প্র ঃ তুমি কি লেখ?	A . I want a glass of milk. আই ওয়ান্ট এ গ্লাস অফ মিল্ক।
	উ ঃ আমি একটি চিঠি লিখি।	Q . What do you write? হোয়াট ডু ইউ রাইট?
3.	প্র ঃ তুমি কি বলতে চাও?	A . I write a letter. আই রাইট এ লেটার।
	উ ঃ কিছু না।	Q . What do you want to say? হোয়াট ডু ইউ ওয়ান্ট টু সে?
4.	প্র ঃ তোমার নাম কি?	A . Nothing. নার্থিং।
	উ ঃ আমার নাম সোহেল।	Q . What's (What is) your name? হোয়াট'স ইয়োর নেম?
5.	প্র ঃ তোমার পিতা কি করেন?	A . My name is Sohel. মাই নেম ইজ সোহেল।
	উ ঃ আমার পিতা সম্পাদক।	Q . What's your father? হোয়াট'স ইয়োর ফাদার?
6.	প্র ঃ তোমার মাতা কি করেন?	A . My father is an editor. মাই ফাদার ইজ এ্যান এডিটর।
	উ ঃ মা ঘরের কাজ দেখেন।	Q . What's your mother? হোয়াট'স ইয়োর মাদার?
7.	প্র ঃ তুমি আজকাল কি করছ?	A . My mother is a housewife. মাই মাদার ইজ এ হাউজওয়াইফ্।
		Q . What are you doing these days? হোয়াট আর ইউ ডুয়িং দীজ ডেজ?
	উ ঃ আমি অষ্টম শ্রেণীতে পড়ি।	A . I'm (I am) studying in the 8th class. আই'ম স্টাডিং ইন দি এইটথ্ ক্লাস।
8.	প্র ঃ আগ্রাতে তুমি কি দেখেছ?	Q . What have you seen in Agra? হোয়াট হ্যাভ ইউ সীন ইন আগ্রা?
	উ ঃ আমি তাজমহল দেখেছি।	A . I've seen the Tajmahal আই'ভ সীন দি তাজমহল।
9.	প্র ঃ তুমি বাবাকে কি লিখেছ?	Q . What did you write to your father? হোয়াট ডিড্ ইউ রাইট টু ইয়োর ফাদার?
	উ ঃ আমি তাঁকে আমার পরীক্ষার ফলের কথা লিখেছি।	A . I wrote him about my result. আই রোট হিম এ্যবাউট মাই রেজাল্ট্স।

What is (হোয়াট ইজ) এর সংক্ষিপ্ত রূপ What's (হোয়াট্স) দুটো রূপই শুদ্ধ ও তাদের অর্থ একই কি? প্রথমটি লেখার জন্য ও দ্বিতীয়টি সাধারণ কথা-বার্তায় ব্যবহৃত হয়। ইংরেজী কথাবার্তায় এই রকম শব্দের আরও অনেক ব্যবহার দেখা যায়। সেগুলো বলার অভ্যাস করতে হবে।

I have = I've দুটোই ঠিক। কেবল উচ্চারণে প্রভেদ হয়-আই হ্যাভ ও আই'ভ।

10. প্র ঃ সে ঢাকাতে কি করছিল?
Q . What was she doing in Dhaka? হোয়াট ওয়াজ শী ডুয়িং ইন ঢাকা?

উ ঃ সে এক প্রাইমারী স্কুলের শিক্ষিকা ছিল।
A . She was teacher in a primary School. শী ওয়াজ এ টিচার ইন এ প্রাইমারী স্কুল।

11. প্র ঃ দশম শ্রেণী পাশ করে তুমি কি করবে?
Q . What will you do after passing high school? হোয়াট উইল ইউ ডু আফটার পাশিং হাই স্কুল?

উ ঃ আমি আরও পড়া-শুনা করব।
A . I shall go for further study. আই শ্যাল গো ফর ফারদার স্টাডি।

Who

B

12. প্র ঃ আপনি কে?
Q . Who are you? হু আর ইউ?

উ ঃ আমি বাংলাদেশী।
A . I am a Bangladehsi. আই এ্যাম এ বাংলাদেশী।

13. প্র ঃ ওরা কারা?
Q . Who are they? হু আর দে?

উ ঃ ওরা আমার আত্মীয়।
A . They are my relatives. দে আর মাই রিলেটিভ্স্।

14. প্র ঃ কে গান গেয়েছিল?
Q . Who sang the song? হু স্যাঙ দি সঙ?

উ ঃ লতা গেয়েছিল।
A . Lata sang it. লতা স্যাঙ ইট্।

15. প্র ঃ কে বাজারে যাবে?
Q . Who will go to the market? হু উইল গো টু দি মার্কেট?

উ ঃ আমি যাব।
A . I will go there. আই উইল গো দেয়ার।

16. প্র ঃ কে এই কাজটা করতে পারে?
Q . Who can do this work? হু ক্যান ডু দিস ওয়ার্ক?

উ ঃ মহিন করতে পারে।
A . Mohin can do it. মহিন ক্যান ডু ইট।

17. প্র ঃ সে কাকে চায়?
Q . Whom does she want? হুম ডাজ শী ওয়ান্ট?

উ ঃ সে তার মাকে চায়।
A . She wants her mother. শী ওয়ান্টস হার মাদার।

18. প্র ঃ এই বাড়িটা কার?
Q . Who wons this house? হু ওনস দিস হাউস?

উ ঃ এটা আমার বাবার বাড়ি।
A . My father owns it. মাই ফাদার ওনস ইট।

HOW

C

19. প্র ঃ সে স্কুলে কেমন করে যায়?
Q. How does he go to school? হাউ ডাজ হী গো টু স্কুল?

উ ঃ সে বাসে করে স্কুলে যায়।
A. He goes to school by bus. হীজ গোজ টু স্কুল বাই বাস।

20. প্র ঃ আপনার বাবা কেমন আছেন?
Q. How is your father? হাউ ইজ ইয়োর ফাদার?

উ ঃ তিনি অসুস্থ আছেন।
A. He is not feeling well. হী ইজ নট ফীলিং ওয়েল।

21. প্র ঃ তুমি যশোর কি করে গিয়েছিলে?
Q. How did you go to Jessore? হাউ ডিড ইউ গো টু যশোর?

উ ঃ আমি ট্রেনে গিয়েছিলাম।
A. I went to Jessore by train. আই ওয়েন্ট টু যশোর বাই ট্রেন।

22. প্র ঃ তুমি কিসে ফেরৎ এলে?
Q. How did you return? হাউ ডিড্ ইউ রিটার্ণ?

উ ঃ আমি বাসে ফিরেছি।
A. I returned by bus. আই রিটার্ণড বাই বাস।

23. প্র ঃ যশোর আপনার স্বাস্থ্য কেমন ছিল?
Q. How was your health in Jessore? হাউ ওয়াজ ইয়োর হেল্থ ইন্ যশোর?

উ ঃ আমি ভালই ছিলাম।
A. I was all right there. আই ওয়াজ অল রাইট দেয়ার।

24. প্র ঃ তুমি তোমার শিক্ষকের সুনজরে কেমন করে পড়বে?
Q. How will you win the favour of your teacher? হাউ উইল ইউ উইন্ দি ফেভার অফ্ ইয়োর টিচার?

উ ঃ আমি ভালভাবে থাকব।
A. I will behave well. আই উইল বিহেভ ওয়েল।

25. প্রশ্ন : আপনার ছেলের বয়স কত?
Q. How old is you son? হাউ ওল্ড ইজ ইয়োর সন?

উত্তর : ওর বয়স বারো বছর।
A. He's twelve years old. হি ইজ টুয়েল্ভ ইয়ারস ওল্ড।

স্মরণীয় [To Remember]

A	B
What do you say?	I do know what you say.
What did you say?	I do not remember what you said.
What had you said?	I do not remember what you had said.
What is this?	Ask him what this is.
What was that?	Tell me what that was.

A স্তম্ভের বাক্যগুলো প্রশ্নবাচক ও B স্তম্ভের সাধারণ। প্রশ্নবাচক বাক্যেকে সাধারণ বাক্যে পরিবর্তিত করার জন্য (1) সহায়ক ক্রিয়া do, did ইত্যাদির বদলে সাধারণ ক্রিয়া প্রযুক্ত হয়। যেমন— 'What do you say' হয় 'What you say' ও What did you say' হয়। What you said ইত্যাদির (2) প্রশ্নবাচক বাক্যে is, was ইত্যাদি ক্রিয়া থাকলে তাদের Object এর পরে বসাতে হয়। নীচে সাধারণ বাক্যকে প্রশ্নসূচক বাক্যে পরিবর্তন করার নিয়ম দেখানো হল।

	B	A
1.	I do not know who he is.	Who is he?
2.	Tell me whom you want.	Whom do you want?
3.	Tell me whose book that was.	Whose book was that?
4.	I do not know how old you are.	How old are you?
5.	I can tell you how she knew.	How did she know?
6.	You did not say whom you had promised	Whad you promised?

প্রশ্নসূচক বাক্যকে সাধারণ বাক্যে ও সাধারণ বাক্যকে প্রশ্নসূচক বাক্যে পরিবর্তন করুন ও তার অভাস চেঁচিয়ে পড়ে করুন।

17 সপ্তদশ দিন 17th Day

প্রশ্নবাচক বাক্য রচনায় Which, When, Where, Why এর ব্যবহার

আগের দিন আমরা What, Who, How প্রভৃতির ব্যবহার শিখেছি। এখন Which, When, Where ও Why এর ব্যবহার শেখানো হচ্ছে। Which সাধারণত নির্জীব বস্তুর জন্য ব্যবহৃত হয়। When কালবোধ শব্দ ও Where স্থানবোধক। Why দিয়ে কারণ জিজ্ঞাসা করা হয়। এই সবক'টি শব্দের একটি বিশেষত্ব এই যে এদের সাথে do, did বা অন্য কোনও helping verb এর ব্যবহার অবশ্যই করতে হবে।

Which

D

1. প্র ঃ কোন গানটা তোমার ভাল লেগেছিল— সাবিনার না শাহিনের?
   Q. Which song did you like, Sabina's or Shahin's? হুইচ সঙ ডিড ইউ লাইক, সাবিনা'স অর শাহিন'স?
   উ ঃ তোমার যেটা ভালো লেগেছে সেটা আমার ভাল লেগেছে।
   A. I like whichever you liked. আই লাইক্ হুইচ এবার ইউ লাইকড।
2. প্র ঃ তুমি কোন বইটা পড়ছ?
   Q. Which book are you reading? হুইচ বুক আর ইউ রীডিং?
   উ ঃ আমি সেই উপন্যাসটা পড়ছি যেটা কাল তোমার কাছ থেকে এনেছি।
   A. I am reading the novel which I borrowed from you yesterday. আই এ্যম রীডিং দি নভেল হুইচ আই বরোড ফ্রম ইউ ইয়েসটারডে।
3. প্র ঃ কোন পুস্তকটি তোমার ভাল লাগে?
   Q. Which is your favourite book? হুইচ, ইজ ইয়োর ফেভারিট বুক ইজ?
   উ ঃ বিষাদ সিন্ধু আমার প্রিয় গ্রন্থ।
   A. My favourite book is Bishad Sindu. মাই ফেভারিট বুক ইজ বিষাদ সিন্ধু।
4. প্র ঃ তুমি শুক্রবারে কোন ছবি দেখবে?
   Q. Which picture will you see on Friday? হুইচ পিকচার উইল ইউ সী অন ফ্রাইডে?
   উ ঃ আমি ববী দেখব।
   A. I shall see Bobby. আই শ্যাল সী ববী।
5. প্র ঃ তুমি কি খেতে (পান করতে) পার?
   Q. Which can you drink? হুইচ ক্যান ইউ ড্রিংক?
   উ ঃ আমি কোকা কোলা খেতে পারি।
   A. I can drink Coca-ColA. আই ক্যান ড্রিংক কোকা-কোলা।

When

E

6. প্র ঃ তুমি তোমার পড়া কখন ঠিক করে নাও?
   Q. When do you revise your lesson? হোয়েন ডু ইউ রিভাইজ ইয়োর লেসন?
   উ ঃ আমি সকাল বেলা পড়া ঠিক করি।
   A. I revise my lesson in the morning. আই রিভাইজ মাই লেসন ইন দি মরনিং।
7. প্র ঃ কবে আমাদের বাড়ি আসছ?
   Q. When are you coming to us? হোয়েন আর ইউ কামিং টু আস?
   উ ঃ সত্যি কথা বলতে কি, সময় পেলেই তবে আসব।
   A. Frankly, I shall come only when I get time. ফ্রাঙ্কলি আই শ্যাল কাম ওনলি হোয়েন আই গেট টাইম।
8. প্রঃ তুমি নিয়াজের সাথে কবে দেখা করেছিলে?
   Q. When did you meet Niaz? হোয়েন ডিড ইউ মীট নিয়াজ?
   উ ঃ গত শনিবারে সে যখন ঢাকা এসেছিল তখন তার সাথে দেখা করেছিলাম।
   A. I met him last Saturday when he came to DhakA. আই মিট হিম লাস্ট স্যাটারডে হোয়েন হী কেম টু ঢাকা।
9. প্র ঃ তোমার কাজ কবে শেষ হবে?
   Q. When will you finish you work? হোয়েন উইল ইউ ফিনিশ ইয়োর ওয়ার্ক?
   উঃ আমি কাজটা ১৫ দিনের মধ্যেই শেষ করব।
   A. I shall finish it within a fortnight. আই শ্যাল ফিনিশ ইট উইদিন এ ফরট্নাইট।

Where

10. প্র ঃ আপনি কোথায় কাজ করেন?
    উ ঃ আমি সরকারী অফিসে কাজ করি।

11. প্র ঃ আপনি কোথা থেকে বই কেনেন?
    উ ঃ আমি পুস্তক ভাণ্ডার বাংলাবাজার, ঢাকা থেকে বই কিনি।

12. প্র ঃ আপনার বাড়ি কোথায়?
    উ ঃ আমার বাসা রূপনগরে।

13. প্র ঃ আপনি স্যুটটা কোথা থেকে কিনেছেন?
    উ ঃ আমি পিকচার প্লেস থেকে কিনেছি।

14. প্র ঃ মাহবুব, এখন তুমি কোথায় যাবে?
    উ ঃ আমি বাড়ি যাব।

15. প্র ঃ আমি কোথায় নেমে যেতে পারি?
    উ ঃ আপনি বরিশাল নমতে পারেন।

Why

16. প্র ঃ আপনি কেন রোজ দুধ খান?
    উ ঃ আমি আমার স্বাস্থ্য ঠিক রাখার জন্য রোজ দুধ খাই।

17. প্র ঃ সেলিনার শিক্ষিকা এত কঠোর কেন?
    উ ঃ এই জন্য যাতে তাঁর ছাত্রীরা জীবনে উন্নতি করতে পারে।

18. প্র ঃ তুমি ওখানে কেন বসে আছ?
    উ ঃ আমি আমার বন্ধু মনিরের জন্য অপেক্ষা করছি।

19. প্র ঃ তুমি তোমার মাকে চিঠি লিখনি কেন?
    উ ঃ সময় পাইনি বলে।

F

Q. Where do you work? হোয়ার ডু ইউ ওয়ার্ক?
A. I work in a government office. আই ওয়ার্ক ইন এ গভর্ণমেন্ট অফিস।

Q. Where from do you buy the books? হোয়ার ফ্রম ডু ইউ বাই দি বুকস?
A. I buy the books from Pustak Bhandar, Bangla Bazar, DhakA . আই বাই দি বুকস্ ফ্রম পুস্তক ভান্ডার, বাংলা বাজার, ঢাকা।

Q. Where is your residence? হোয়ার ইজ ইয়োর রেসিডেন্স
A. My residence is at Roopnagar. মাই রেসিডেন্স ইজ এ্যাটি রূপনগর।

Q. Where did you buy your suit? হোয়ার ডিড্ বাই ইয়োর স্যুট?
A. I bought it at Picture Place. আই বট ইট এ্যাট পিকসার প্লেস।

Q. Where will you go now, Mahbub? হোয়ার উইল ইউ গো নাউ, মাহবুব?
A. I shall return to my home. আই শ্যাল রিটার্ণ টু মাই হোম।

Q. Where can I get down? হোয়ার ক্যান আই গেট ডাউন?
A. You can get down at Barishal. ইউ ক্যান গেট ডাউন এ্যাট বরিশাল।

G

Q. Why do you drink milk daily? হোয়াই ডু ইউ ড্রিংক মিলক্ ডেইলি?
A. I drink Milk daily to maintain my. health. আই ড্রিংক মিল্ক ডেইলী টু মেনটেন মাই হেল্থ।

Q. Why is Salina's teacher so strickt. হোয়াই ইজ সেলিনা'স টীচার সো স্ট্রিকট?
A. It is because she is interested in the progress of her students. ইট্ ইজ বীকজ শী ইজ ইন্টারেস্টেড ইন্ দি প্রোগ্রেস অফ হার স্টুডেন্টস।

Q. Why are you sitting there? হোয়াই আর ইউ সিটিং দেয়ার?
A. I'm waiting for my friend Munir. আই এ্যাম ওয়েটিং ফর মাই ফ্রেন্ড মনির।

Q. Why did you not write to your mother. হোয়াই ডিড্ ইউ নট রাইট টু ইয়োর মাদার?
A. Because I got no time. বীকজ আই গট নো টাইম।

স্মরণীয় [To Remember]

Who আর Which এর অর্থের পার্থক্য জেনে রাখুন Who মানে 'কে' ও Which মানে 'কোনটা'? Who মনুষ্যের জন্য ও Which পশু ও নির্জীব বস্তুর জন্য ব্যবহৃত হয়। নীচের উদাহরণ থেকে এটা স্পষ্ট বুঝে নিন—

Who	1. ওখানে কে?	Who's there?
	2. খুলনা কে গেছে?	Who went to Khulna?
	3. এখানে কে আসবে?	Who will come here?
Which	4. কোন বইটা টেবিলের ওপর আছে?	Which book is on the table?
	5. আমার পেনসিল কোন্‌টি?	Which pencil is mine?
	6. কোন পেনসিলটি আমার?	Which is my pencil?
	7. কোন কুকুরটা আপনার?	Which is your dog?

Who ও Which এর অর্থ 'যে' বা 'যা' ও হয়। নিয়ম সেই একই মনুষ্যের জন্য Who ও নির্জীব বস্তুর জন্য Which যেমন—

1.	আমি যেই মেয়েটার সাথে দেখা করিছেলাম সে মনিটর।	I met the girl who is the monitor.
2.	যে মেয়েটি পিয়ানো বাজাচ্ছে সে আমার বোন	The girl who is playing the piano is my sister.
3.	তুমি যে বইটা চাও সেটা বেছে নাও।	Select the book which you want.
4.	আমার যা দরকার সেই সমস্ত জিনিস আমি নিয়েছি।	I took the things which I needed.

18 অষ্টাদশ দিন 18th Day

প্রশ্নবাচক বাক্য রচনা (মিশ্রিত) [Miscellaneous]

আসুন আবার আমরা প্রশ্নবাচক রচনাগুলো দেখি। এবার what, where ইত্যাদি শব্দগুলোর সাথে is, are, am, was, were, has, have, had, will, shall would, should, may, might ইত্যাদি ক্রিয়াগুলোকে দিয়ে বাক্য রচনা করি। is, are ইত্যাদি সব ক্রিয়াগুলোকে auxilary (অক্‌জিলারী) বা helping verb বলা হয়। এই ক্রিয়াগুলো দিয়ে আলাদাভাবে ও প্রশ্নবাচক বাক্য রচনা করা যায়, যা আবার আমরা আগেও দেখেছি।

1.	কি হয়েছে?	What has happened? হোয়াট হ্যাজ হ্যাপন্ড?
2.	আপনি কি আমায় ডেকেছিলেন?	Did you call me? ডিড ইউ কল মী?
3.	আমি যেতে পারি?	May I go? মে আই গো?
4.	আমিও আসব?	May I accompany you? মে আই এ্যাকমপানি ইউ?
5.	তুমি আসবে?	Are you coming? আর ইউ কামিং?
6.	আমি নিয়ে আসব?	Shall I bring it? শ্যাল আই ব্রিংগ ইট?
7.	আপনার নাম জানতে পারি?	What is your name please? হোয়াট ইজ ইয়োর নেম প্লীজ?
8.	আপনি কেমন আছেন?	How do you do? হাউ ডু ইউ ডু?
9.	বুঝেছ তো?	Do you understand? ডু ইউ আন্ডারস্ট্যান্ড?
10.	না, বুঝিনি।	No, I didn't. নো, আই ডিডন'ট।
11.	সাহেব ভেতরে আছেন?	Is the boss in? ইজ দি বস ইন?

12. কে ওখানে?	Who is it? হু ইজ ইট?
13. কি ব্যাপার?	What is the matter? হোয়াট ইজ দি ম্যাটার?
14. করিম কোথায় গেছে?	Where is Karim? হোয়ার ইজ করিম?
15. কেমন আছো?	How are you? হাউ আর ইউ?
16. কখন এলে।	When did you come? হোয়েন ডিড্ ইউ কাম?
17. আরম্ভ করি?	Shall we begin? শ্যাল ইউ বিগিন?
18. একটা কাজ করবো?	Will you do a thing? উইল ইউ ডু এ থিঙ্ক?
19. আজ কি ছটি?	Is it a holidy today? ইজ ইট এ হলিডে টুডে?
20. তুমি জান কি?	Do you know? ডু ইউ নো?
21. কারণটা কি?	What is the reason? হোয়াট জি দি রীজন?
22. তমি যাবে না?	Won't you go? ওন্ট ইউ গো?
23. মামলাটি কী?	What is the matter? হোয়াট ইজ দি ম্যাটার?
24. গেলমারটা কি?	What is the trouble? হোয়াট ইজ দি ট্রাবল?
25. কি নিয়ে ঝগড়া?	What's the quarrel about? হোয়াট'স দি কোয়ারল এ্যাবাউট?
26. রেগে গেছেন?	Are you angry? আর ইউ এ্যাঙ্গরি?
27. বাড়ির সকলে ভালো তো?	How is the family? হাউ ইজ দি ফ্যামিলি?
28. কি বলবেন?	What did you say? হোয়াট ডিড্ ইউ সে?
29. বলুন, আমি কি করতে পারি?	What shall I do for you? হোয়াট শ্যাল আই ডু ফর ইউ?
30. কি জন্য এত কষ্ট করে এলেন?	What brings you here? হোয়াট ব্রিঙ্গস ইউ হিয়ার?
31. আপনার কি অভিমত?	What is your opinion? হোয়াট ইজ ইয়োর ওপিনিয়ন?
32. ওর কি গাড়ি আছে?	Has he a car? হ্যাজ হী এ কার?
33. আমার সাথে আপনার কি কোন কাজ আছে?	Have you any business with me? হ্যাভ ইউ এনি বিজনেস উইথ মী?
34. কে আসছে?	Who is coming? হু ইজ কামিং?
35. কি রান্না হয়েছে?	What is the menu for dinner? হোয়াট ইজ দি মেনু ফর ডিনার?
36. তাতে কি আসে যায়?	What differences does it make? হোয়াট ডিফারেন্স ডাজ ইট মেক?
37. এটা কার টেলিফোন নাম্বার?	Whose telephone mumber is this? হুজ টেলিফোন নাম্বার ইজ দিস?

স্মরীণীয় [To Remember]

(i) আপনারা নিশ্চয় লক্ষ্য করেছেন যে যদি is, are, was, were, had, will, shall, would, should, can, could, may, might ব্যক্যের শুরুতেই থাকে তবে তারা প্রশ্নবাচক বাক্য হয়ে যায়, আর বাক্যের মাঝখানে subject- এর পরে থাকে তবে তারা সাধারণ বাক্য হয়ে যায়। উদাহরণস্বরূপ ঃ

A	B
1. Am I a fool?	I am not a fool.
2. Were those your books?	Those were your books.
3. Had you gone there?	You had gone there.
4. Can I walk for a while?	You can walk.
5. May I come in?	You may come in.
6. Might you go know?	I might go now.

(ii) do, did মূলত ঃ সহায়ক ক্রিয়া নয়। নিম্নলিখিত সাধারণ বাক্যগুলো লক্ষ্য করুন-

1. আমি সকালে তাতাড়াড়ি উঠি।	I get up early in the mornig.
2. আমি সকালে তাড়াতাড়ি উঠিয়াছিলাম।	I got up early in the morning.

এখন এই বাক্যগুলোর নেতিবাচক রূপ দেখুন—

3. আমি সকালে তাড়াতাড়ি উঠি না।	I don't get up early in the morning.
4. আমি সকালে তাড়াতাড়ি উঠিনি।	I did not get up early in the morning.

আপনারা লক্ষ্য করেছেন নিশ্চয় বাক্য রচনা করার জন্য Do আর Did এর প্রয়োগ করতে হ'ল। প্রশ্নবাচক বাক্য রচনা করতে এই Do আর Did কে বাক্যের প্রথমেই আনতে হয়। যেমন—

5. আমি কি সকালে তাড়াতাড়ি উঠি?	Do I get up early in the morning?
6. আমি কি সকালে তাড়াতাড়ি উঠেছিলাম?	Did I get up early in the morning?

19 ঊনবিংশ দিন th Day

নেতিবাচক বাক্য [Negative Sentences]

এতদিন আপনারা তিন কাল (Tense) এ ক্রিয়ার রূপ কি হয় তা শিখেছেন। ষষ্টদশ ও সপ্তদশ দিনে আপনারা প্রশ্নবাচক (Interrogative) বাক্য রচনা করেছেন। বলতে পারেন কি ইতিবাচক (Assertive) বাক্যগুলোর প্রশ্নবাচক (Interrogative) বাক্যে পরিণত করতে হলে কি হবে? আপনারা প্রত্যেক কালের (Tense) সহায়ক ক্রিয়াগুলোকে বাক্যের প্রথমে এনে প্রশ্নবাচক বাক্য রচনা করেছেন। (1) এখন দেখুন নেতিবাচক (negative) বাক্য কেমন করে রচনা করা হয়। বাক্যে Do , did, is, are, was, were, have, had, will, shall, can, could, may, might ইত্যাদি সহায়ক ক্রিয়ার পরে not যোগ করলে তারা নেতিবাচক হয়ে যায়। (2) যদিও do not, did not, were not, have not, can not, will not, shall not, should not, would not এই ক্রিয়াগুলো এইভাবে লেখা হয়, বলার সময় কিন্তু তাদের সংক্ষিপ্ত রূপই উচ্চারণ করা হয়। যেমন—don't, didn't, weren't, can't, won't, shouldn't এটা মনে রাখা আবশ্যক যে উপরোক্ত ক্রিয়াগুলো দু'রকম ভাবেই বলা যেতে পারে do not ও বলা হয়, don't ও বলা হয়। এবার এদের ব্যবহার জেনে নেয়া যাক—

1. আমি জানি না।	I do not know. আই ডু নট নো।
2. আমি কোন প্রশ্নই করি না।	I don't ask anything. আই ডোন্ট আস্ক এনিথিং।
3. উনি এখানে আসেন না।	She does not come here. শী ডাজ নট কাম হিয়ার।
4. ও চা তৈরি করা জানে না।	She doesn't know how to make tea. শী ডাজ নট নো হাউ টু মেক টী।
5. কাল উনি বাস ফেল করেননি।	He did not miss the bus yesterday. হী ডিড নট মিস দি বাস এয়েসটারডে।
6. আমারা এ খবর শুনিনি।	We didn't hear this news. উউ ডিডন্ট হিয়ার দিস নিউজ।
7. আজ গরম নেই।	It is not hot today. ইট ইজ নট হট টুডে।
8. ভদ্রমহিলা বিবাহিতা নন।	She isn't married. শী ইজন্ট ম্যারেড।
9. আজ আমাদের দেরী হয়নি।	We aren't late today. উই আরন্ট লেট টুডে।
0. উনি ঢাকায় ছিলেন না।	She was not (wasn't) in Dhaka. শী ওয়াজ নট (ওয়াজনট) ইন ঢাকা।
11. আমরা বক্তৃতার সময় ছিলাম না।	We were not (weren't) at lecture. উই ওয়ার নট (ওয়ারন্ট) এ্যাট লেকচর।
12. ওর পুত্রসন্তান হয়নি।	She hasn't (has not) got a son. শী (হ্যাজন্ট) হ্যাজ নট গট এ সান।
13. আমি চিঠি পাইনি।	I have not (haven't) got a letter. আই হ্যাভ নট (হ্যাভন্ট) গট এ লেটার।
14. ওদের কাছে গাড়ি ছিল না।	They hadn't (had not) got a car. দে হ্যাডনট (হ্যাড নট) গট এ কার।
15. ভয় করো না, বাবা রাগ করবেন না।	Don't worry father won't be angry. ডন্ট ওয়ারি। ফাদার ওন্ট বী এ্যাঙ্গারি।
16. কাল বাবা বাড়িতে থাকবেন না।	Father will not be at home tomorrow. ফাদার উইল নট বী এ্যাট হোম টুমরো।

17. কাল আমাদের দেরী হবে না। — We shan't (shall not) be late tomorrow. উই শ্যান্ট (শ্যাল নট) বী লেট টুমরো।

18. আমি মোটর সাইকেল চালাতে পারি না। — I can't (can not) drive a motor cyele. আই ক্যান্ট (ক্যান নট) ড্রাইভ এ মোটর সাইকেল।

19. ফুটপাতের ওপর গাড়ি চালানো উচিৎ নয়। — You mustn't (must not) drive a car on the footpath. ইউ মাসনট (মাস্ট নট) ড্রাইভ এ কার অন দি ফুটপাথ।

20. আমি পরশু দিন সময়মত পৌছাতে পারিনি। — I couldn't (could not) reach in time the day before yesterday. আই কুড্‌ন্‌ট (কুড নট) রীচ ইন টাইম দি ডে বিফোর ইয়েস্টারডে।

21. আমার কোন বই-এর দোকান নেই। — I needn't any book. আই নীড্‌নট এনি বুক।

22. তুমি না বললে উনি জানতেই পারতেন না। — If you hadn't told her, she wouldn't have know. ইফ ইউ হ্যাড্‌নট টোল্‌ড হার, শী উড্‌ নট হ্যাভ নোন।

23. আমাদের এখন দোকান বন্ধ করা উচিৎ নয়, তাই না? — Now, we shouldn't close our shop, should we? নাউ, উই শুড্‌নট ক্লোজ আওয়ার শপ্‌ শুড্‌ ইউ?

প্রশ্নবাচক - নেতিবাচক বাক্য Interrogative-cum–Negative Sentences

1. ইংরেজীতে নিম্নোক্ত ধরনের বাক্যের প্রতুলতা পাওয়া যায় 'আজ খুব গরম, তাই না?" কিংবা আজ ঠাণ্ডা নেই, ঠিক না? ইংরেজীতে এদের Tail- Question বলা হয়। বাক্যের অন্তে ছোট্ট একটা প্রশ্নার্থক বাক্যাংশ জুড়ে দেয়া হয় এই ধরনের tail question-এ বাক্য ইতিবাচক হলে Talk Question ও ইতিবাচক হয়। যেমন— It's hot today, isn't it? নীচের 26 ও 28 নং বাক্য দেখুন। বাক্য নেতিবাচক হলে Talkl question- ও নেতিবাচক হয়। যেমন It is not cold today, is it? 27 ও 29 নং বাক্যও দেখুন।

2. বাক্যের প্রথমাংশ সহায়ক ক্রিয়ার (auxiliary বা helping verb) সাথে not আলাদাভাবে বা সংযুক্তভাবে থাকুক না থাকুক, (is not বা is n't) tail question-এ কিন্তু isn't ইত্যাদি রূপই সাধারণত ব্যবহৃত হয়। নিম্নলিখিত বাক্যগুলো পড়লেই এটা বোঝা যাবে—

24. আজ খুব গরম পড়েছে, তাই না? — It's hot today, isn't it? ইটস ইট টুডে, ইজনট ইট?

25. ওরা ইংরেজ, নয় কি? — There're English, aren't they? দে'র ইংলিশ, আর নট দে?

26. তুমি সুখী ছিলে না, ছিলে কি? — You weren't happy, were you? ইউ ওয়ারন্‌ট হ্যাপী ওয়্যার ইউ?

27. কাল তো রবিবার হবে, তাই না কি? — It will (it'll) be Sunday tomorrow won't it? ইট উইল (ইটল) বী সানডে টুমরো ওন্ট ইট?

28. আমরা শীগগির তৈরি হয়ে যাব, যাব না? — We shall (we'll) be ready soon, shan't we? উই শ্যাল (উই'ল) বী রেডী সুন, শ্যান্ট উই?

29. কাল তো ২০ শে ফেব্রুয়ারি হবে না, হবে কি? — It won't (will not) be 20th February will it? ইট ওন্‌ট (উইল নট) বী টোয়েনটিথ ফেব্রুয়ারি টুমরো, ইল ইট?

30. কাল আমি তোমার সাথে থাকবো না, থাকবো কি? — I shall not (shan't) be with you tomorrow, shall I? আই শ্যাল নট (শ্যান্‌ট) বী উইথ ইউ টুমরো শ্যাল আই?

31. তুমি নজরুলের 'অগ্নিবীণা' পড়েছো, পড়োনি কি? — You have read Nazrul's 'Augnibina' haven't you? ইউ হ্যাভ রেড নজরুল'স 'অগ্নিবীণা' হ্যাভনট ইউ?

32. তুমি তো তোমার কাজ শেষ করে নিয়েছিলে, করোনি কি? — You had finished you work, hadn't you? ইউ হ্যাড ফিনিশ্‌ড ইয়োর ওয়ার্ক, হ্যাডন্‌ট ইউ?

33. তুমি তো আমার জন্য বই খুঁজতে পারোনি, পেরেছিলে কি? — You couldn't find the book for me, could you? ইউ কুডনট্ ফাইনড দি বুক ফর মী, কুড্ ইউ?

34. বীণার দেরী করে শোওয়া উচিত নয়, উচিত কি? — Bina shouldn't go to bed late, shall she? বীনা শুডন্ট্ গো টু বেড্ লেট, শুড্ শী?

35. মাহফুজকে ১২টা পর্যন্ত অপেক্ষা করতে হবে, হবে না? — Mahfuj must wait till 12 O'clock mustn't he? মাহফুজ মাস্ট ওয়েট টিল টুয়েলভ ও'ক্লক, মাসন্ট হী?

o + not = don't	does + not = doesn't	did + not = didn't
s + not = isn't	are + not = aren't	was not = wasn'
vere + not = weren't	has + not = hasn't	have + not = Haven't
vill + not = W + O + (ill) n' (o) t	shall + not = shan'ot	can + not = can't
nust + not = mustn't	could + not = COULDN'T	need + not = needn't = NEEDN'T
vould + not = would n't = Wouldn't	should + not = shouldn't	nee+not = needn't

স্মরণীয় [To Remember]

A

A ইংরেজীতে কোন কোন সংযুক্ত শব্দের সংক্ষিপ্ত রূপ ব্যবহার করা হয়। এগুলো বলার ও লেখার অভ্যাস করে নিন-

Does not ডাজ নট	Doesn't ডাজ্নট
Do not ডু নট	Don't ডোন্ট
is not ইজ নট	isn't ইজনট
can not ক্যান নট	can't ক্যান্ট

উপরোক্ত প্রকারে নীচের শব্দগুলোর উচ্চারণ নিজে নিজে অভ্যাস করুন—

Shall not (shan't শ্যান্ট) will not (won't ওন্ট) should not (shouldn't শুড্ন্য), would not (wouldn't উড্নট্), must not (mustn't মাস্নট্), was not (wasn't ওয়াজনট্), were not (weren't ওয়েরনট্) are not (are n't আরনট্) I am (I'm আয়ম্) I have (I've আয়ভ্) have not (haven't হ্যাভন্ট) has not (hasn't হ্যাজনট্), hadnot (hadn't হ্যাডন্ট) could not (couldn't কুডন্ট), I would (I'd আয়ুড) .....

B. Don't এ n এর পরে কমা কে apostrophe (অ্যাপসট্রেফী) বলা হয়।

B

Tail question যুক্ত বাক্যে নিম্নলিখিত পরস্পর বিরোধী বাক্যাংশগুলো জোড়ায় জোড়ায় ব্যবহৃত হয়—

She does not—does she? You do not—do you? I did—didn't I? He is — isn't he? We aren't—we? He was—wasn't he? You were—weren't you? They had—hadn't they? We can—can't we? You will—won't you? I shan't—shall I? I must—mustn't I? You would—wouldn't you? She could—couldn't she?

20 বিংশ দিন th Day

11th থেকে 15th দিন একাদশ থেকে পঞ্চদশ দিন

1. ইংরেজীতে স্বরবর্ণের সংখ্যা ৫—A, E, I, O, U এই অক্ষরগুলোর উচ্চারণের প্রতি লক্ষ্য রাখবেন—

(a) a—আ যেমন car— এ দীর্ঘ আ

far	star	card	hard	dark	arm
mark	farm	harm	art	part	start
heart	guard	answer	can't	balm	calm
half	craft	draught	graph		

(b) y বা i আই (যেমন my-এ দীর্ঘ আ

by	buy	cry	try	spy	style
die	lie	tie	eye	life	wife
like	strike	high	might	sight	right
height	fight	light	night	tight	mind
bind	find	kind	fine	line	nine
pipe	ripe	five	strive		

(c) u বা o আ যেমন কাপ (Cup)- এ অত্যন্ত হ্রস্ব আ

but	cut	rub	bud	dull	sum
fin	gun	up	hut	lunch	luck
rush	sun	vulgar	brother	mother	other
front	worry	some	dozen	monday	son
govern	nothing	young	tongue	southern	colour

(d) i- ই (যেমন it এ) অত্যন্ত হ্রস্ব ই

fit	hit	this	fish	wish	him
in	sin	thin	big	bid	kid
lip	slip	trip	ill	fill	will
kill	still	kick	pick	sick	trick
quick	king	link	spring	wing	fist
stick	list	give	live	clip	pin

(e) ea, ee, eu-ই আ, যেমন Near—এ

clear	tear	near	hear	fear	appear
ear	year	dear	beer	deer	cheer
pear	gear	sheer	quer	rear	compeer

(f) ea- ঈ যেমন সীট এ দীর্ঘ ই

beat	heat	meat	neat	heap	mean
sea	tea	lead	read	meal	each
each	reach	breach	preach	teach	speak

2. প্রশ্ন 1 এর (a) থেকে f পর্যন্ত সবশুদ্ধ 15 টি শব্দ আছে। এদের মধ্যে 140টির উত্তর ঠিক হলে Very good. 125টি ঠিক হলে good আর 100টি ঠিক হলে Not bad ধরা যেতে পারে।

3. প্রশ্ন 1- এর 150টি শব্দের মধ্যে কোন কোনটিতে স্বর আবার কোনওটিতে ব্যঞ্জন অনুচ্চারিত (silent) থেকে যায়। এই শব্দগুলোর একটি তালিকা তৈরি করে অনুচ্চারিত অক্ষরগুলো এদের সামনে লিখুন।

4. নিম্নলিখিত শব্দগুলোর উচ্চারণ বাংলা অক্ষরে লিখুন—

rough	fali	philosophy	forgave	age
page	from	arm	tribes	hopes
Asia	Simla	Rusia	Thin	then

5. নিচের শব্দগুলোতে অনুচ্চারিত অক্ষরগুলো লিখুন— Calm শান্ত, Debt— ঋণ, Folk—জনতা, Half—অর্ধেক, Knoll—ছোট পাহাড়, Lodge—বাসা, Match—দিয়াশলাই, Naughty—দুষ্ট, Reign—রাজত্ব, Stalk—ডাঁটা, Unknown—অজানা, Walk—চলা।

6. এই শব্দগুলোর উচ্চারণ বাংলা অক্ষরে লিখুন— ice, can, come, chocolage, policy, received, receipt, pierce of, off, accept, borne, born, cloths, clothes, morale, moral, island, grat, psychology, known, written, honesty, psalm, knitting, hour, wrong, hour, deny, এবার standard, dictionary-র উচ্চারণের সাথে এই উচ্চারণগুলোর তুলনা করুন।

7. নীচে পাশাপাশি দেয়া শব্দগুলোর মধ্যে কোন কোনটির বানান শুদ্ধ তা লিখে Dictionary- তে দেয়া বানানের সাথে তুলনা করুন—

hieght	height	speek	speak	call	calle
procede	procede	speach	speech	near	nare
exeede	exeede	treat	treet	reech	reach
exprress	express	harras	harass	ocasion	occasion
havy	heavy	tension	tention	attact	atacek
angry	angary	attension	attention	sleep	sleap
new	nue	simpaly	simply	whitch	which
plastek	plastic	nature	nateur	velley	vally
pleese	please	tuche	touch	flower	flover
compeny	company	middle	midal	substract	subtract

16the থেকে 19th দিন

8. ইংরেজী what, who, how, which, when, where, why ইত্যাদি শব্দগুলোকে প্রশ্নবাচক শব্দ interrogative words বলা হয়। নিম্নলিখিত বাক্যগুলোতে প্রশ্নবাচক শব্দ ব্যবহৃত হয়েছে। বাক্যগুলো বাংলায় অনুবাদ করুন।

1. What do you mean?
2. What is your father?
3. What's wrong with you?
4. What did he decide?
11. Which is your note book?
12. Who answered the question?
13. When did you return from chittagong?
14. When will you be able to repay the money?

5. Who do you think will be chosen?
6. Whom do you think I saw yesterday?
7. Who cleans your house?
8 How do you know his address?
9. How many boys finished the race?
10. How did he work?
15. When are you going to start learning English?
16. Where do you live?
17. Where did she, spend her summer vacation?
18. Why should we take exercise?
19. Why did you not get up early?
20. Why do people read newspaper?

9. বাক্যগুলো বাংলা অনুবাদ কারোও নিম্নের বাংলা বাক্যগুলোর সাথে মিলিয়ে নাও।

(1) The shop is closed, isn't it? We are late, aren't we? (3) You did dome didn't you? (4) You won't come tmorrow, will you? (5) We shan't go there shall we? (6) If you hadn't told her, she wouldn't have know it? (7) I'm not late today. (8) They played well but you didn't ? (9) They wo't reach in time, but we shall? (10) My mother won't attend the weddin but my father will. (11) I must go but you need not go (12) You must not write in red ink. (13) He is wrong, isn't he? (14) I was with you, wasn't I? (15) You know him well, don't you? (16) We have done the work, haven't we? (17) You have leart a lot, haven't you?

(১) দোকানটা বন্ধ, নয় কি? (২) আমাদের দেরী হয়ে গেছে, হয়নি কি? (৩) তুমি তো এসেছিলে আসনি কি? (৪) তুমি কাল আসবে না, আসবে কি? (৪) আমরা ওখানে যাব না, যাব কি? (৬) তুমি ওকে বললে ও জানতেই পারত না। (৭) আজ আমার দেরী হয়নি। (৮) ওরা সময়মত পৌঁছতে পারবে না, কিন্তু আমরা পারব। (১০) আমার মা বিয়েতে যাবেন না, কিন্তু বাবা যাবেন। (১১) আমাকে যেতেই হবে, কিন্তু তোমার না গেলেও চলবে (১২) তুমি লাল কালি দিয়ে লিখবে না। (১৩) ওঁর ভুল হয়েছে, হয়নি কি? (১৪) আমি তোমার সাথে ছিলাম, ছিলাম না কি? (১৫) তুমি ওকে ভালভাবেই চেন, চেন না কি? (১৬) আমরা কাজটা করে নিয়েছি, করিনি কি? (১৭) তুমি অনেক কিছুই শিখেছ, শেখনি ?

নির্দেশ ঃ এতদিনে আমরা ইংরেজীর অনেক নতুন নতুন বাক্য শিখে নিয়েছি। এইগুলো বন্ধুদের সাথে কথা বলার সময় ব্যবহার করার অভ্যাস করুন।

প্রশ্ন Questions	উত্তর Answer
1. What's her dog's name?	Its name is Puppy.
2. What's your father?	He is a shopkeeper.
3. What do they want after all?	They went more money.
4. Whom do you want to meet?	I want to meet Mr. Chowdury.
5. Who owns this car?	My cousin owns it.
6. Who has come now?	My father has come.
7. Who came yesterday?	My sister that day.
8. What do you think?	I think that she will come soon.
9. What did she ask?	She asked if I would help her.
10. What did you say?	I said I would help her.
11. How did she work?	She worked as hard as she could.
12. How do you earn so much money?	I work day and night.

13. How does a man become happy?	He becomes happy by helping others.
14. How does a man make many friends?	He makes many friends by being a true friends.
15. How do you remain cheerful?	I remain cheerful because I love my work.
16. Which book do you ant now?	I want the English grammer.
17. What happend to him?	He walked into a lamp post and hurt himself.
18. What does your pocket contain?	It contains some coins and a handkerchief.
19. Of what does your suit consist?	It consists of woollen cloth.
20. In what does a book seller deal?	A book seller deals in various books.
21. When are you going to visit your aunt?	I am going to visit her on Monday.
22. When are you going to finish your work?	I am going to finish my work by night.
23. When will your brother return home?	My brother will return home by tomorrow morning.
24. When will you be able to see me?	I shall be able to see you in a day or two.
25. When will you have to start work?	I shall have to start work at 4 O'clock.
26. Where did you sleep last night?	I slept last night at my uncle's home.
27. Where did you spend your last sunday?	I spent my last Sunday at Dhaka.
28. Where did she invest the money?	She invested the money in the book trade.

(ii) উপরের বাক্যগুলো বাংলায় অনুবাদ করুন।

(xi) নিম্নলিখিত বাক্যগুলো বাংলায় অনুবাদ করুন। নিম্নের অনুবাদগুলো দেওয়া আছে, কিন্তু তাদের ক্রম এই বাক্যগুলোর ক্রম থেকে ভিন্ন।

(1) I want three hundred rupees on loan. (2) He is known to the Prime Minister. (3) No, not at all. He is a book-worm. (4) No, sir, the postman has not come yet. (5) Yes he is, but he is good at English. (6) No. it is slow by five minutes. (7) Raju, I have no apetite. (8) No it is not a thoroughfare. (9) Yes, it is hailing too. (10) Yes, but it gains ten minutes every day. (11) No, I am thirsty. (12) I have nothing else to say. (13) No, he had a headache. (14) It takes me half an hour. (15) She has gone to her school. (16) I have been working here for the last five years. (17) Mr. Shah Aziz had been the prime Minister from May1978 to 1981. (18) No, he is an aouther.

না, কখনই নয় ওতো বই এর পোকা। না মহাশয়, পিয়ন এখনও আসেনি। আমার তিনশ' টাকা ধার চাই। প্রধানমন্ত্রীর সাথে ওর জানাশুনা আছে। হ্যাঁ, শিলাবৃষ্টিও হচ্ছে। হ্যাঁ, ও তত মেধাবী নয়, কিন্তু ইংরেজী ভাল জানে। রাজু, আমার ক্ষুধা পায়নি। না, এটা পাঁচ মিনিট পিছনে (স্লো) চলে। না, রাস্তাটা জনসাধারণের জন্য নয়। আমি এখানে গত পাঁচ বছর ধরে কাজ করছি। না, উনি একজন লেখক। ও স্কুলে গেছে। মিঃ শাহ আজিজ মে, ১৯৭৮ থেকে মার্চ, ১৯৮১ পর্যন্ত বাংলাদেশের প্রধানমন্ত্রী ছিলেন। হ্যাঁ, কিন্তু এট রোজ দশ মিনিট এগিয়ে যায় (ফাস্ট হয়ে যায়)। এই কাজটা করতে আমার আধ ঘন্টা লাগে। আমি আর কিছুই বলতে চাই না। না, আমার তেষ্টা পায়নি। না, ওর মাথা ধরেছিল।

XII প্রশ্ন 1- এর বাক্যগুলোর জন্য উপযুক্ত প্রশ্নসূচক বাক্য রচনা করুন। আপনাদের সুবিধার জন্য সম্ভব্য প্রশ্নসূচক বাক্য দেয়া হ'ল। কিন্তু এ আবশ্যক নয় যে আপনার রচিত ও আমাদের দেয়া বাক্য হুবহু একই হবে। তবে তাদের ভাবার্থ কিন্তু একই হওয়া দরকার।

What do you want? Who know him? Does Mahesh not take part in games? Is there any letter for me? Is he weak in English? Is your watch accurate? Will you take some milk, mother? May we pass through this way? Is it raining? Is your time piece in working order? Are you hungry? What do you want to say next, Kamal? Did he have fever? How much time does it take you to reach school? Where is your sister? How long had Mr. Sha Aziz been the Prime Minster of Bangladesh? Is your father a business man?

How do you do এর উত্তরে How do you do বলাই নিয়ম।

অভ্যাস তালিকা

তালিকা ঃ What, that, this, it-এর সাথে a. an.-এর ব্যবহার। that ও this দিয়ে প্রশ্ন করলে উত্তরে (প্রশংসানুসারে) it ব্যবহার করা হয়। যে শব্দের উচ্চারণ vowel দিয়ে আরম্ভ হয় তার আগে an ও অন্য শব্দের আগে a লিখতে বা বলতে হয়।

তালিকা (TABLE)—5

(a) প্রশ্ন- ৩টি বাক্য (b) উত্তর ছয়টি বাক্য

1	2	1	2	3
		It is		book
			a	large bottle
				small cup
	that?			old book
What is	this?		an	empty bottle
	It?			empty cup

তালিকা ঃ 6 : প্রশ্নবাচক বাক্য যাতে What, why, where, how ইত্যাদি ব্যবহৃত হয়।

তালিকা (TABLE)—6

1	2	3	4	5
What		we	criticize	him for?
Why	did	you	support	him in the
Where		they	invest	election?
How		she	manage	to eep it a scret?

তালিকা ঃ 7- প্রশ্নবাচক শব্দ যাতে Shall, should, will, would ব্যবহার করা হয়। Should আর Would নম্রতা প্রকট করার জন্য ব্যবহার করা হয়।

তালিকা (TABLE)—7

1	2	3	4
Shall	I	stop walking	now?
Should	we	began to do it	soon?
Will	you	like to see it	at once?
Would	they	try the other way	tomorrow?

উপরোক্ত অভ্যাস তালিকা থেকে বাক্য রচনা করার অভ্যাস করুন।

21 একবিংশ দিন 21st Day

তৃতীয় পদক্ষেপ [3rd Expedition]

এবার আমরা ইংরেজী ব্যাকরণের কিছু বৈশিষ্ট্য সম্বন্ধে আলোচনা করব। এগুলোর জ্ঞান আপনাদের ইংরেজী ভাষা বুঝতে সহায়ক হবে। 21 থেকে 30 পাঠে এ বিষয়গুলোর উপর বিশেষ আলোকপাত করা হয়েছে— pronouns, prepositions, correlatives, active and passive voices, temporals, countable nouns, emphasis and some notable usages. শেষে কতকগুলো বহুল প্রচারিত idioms ও দেয়া হয়েছে। প্রত্যেক দিনের পাঠের শেষে এ বিষয়ে কিছু টিপ্পনীও দেয়া হয়েছে যা এগুলো বুঝতে সাহায্য করবে।

আপনারা প্রত্যেকদিন এক একটা পাঠ শিখুন। দেখবেন কত শীঘ্র আপনি উত্তরোত্তর প্রগতি করছেন। তাহলে আজ pronouns (সর্বনাম) থেকেই আরম্ভ করা যাক।

This, I, He-she-it, that, you, each, none ইত্যাদি সর্বনামের ব্যবহার a, an, the articles (এর সাধারণ ব্যবহার)

1. ইনি রহিম।	This is Rahim. দিস ইজ রহিম।
2. উনি রাবেয়া।	That is Rabeya. দ্যাট ইজ রাবেয়া।
3. এই বইটা ওর।	This is his book. দিস ইজ হিজ বুক।
4. ওই বইটা ওর।	That is her book. দ্যাট ইজ হার বুক।
5. সে বালক।	He is a boy. হি ইজ এ বয়।
6. সে বালিকা।	She is a girl. শী ইজ এ গার্ল।
7. তুমি ছাত্র।	You are a student. ইউ আর এ স্টুডেন্ট।
8. আমি একজন কেরাণী।	I am a clerk. আই অ্যাম এ ক্লার্ক।
9. এটি একটি পেনসিল।	This is a pencil. দিস ইজ এ পেন্সিল।
10. এটি একটি আম।	This is a mango. দিন ইজ এ ম্যাংগো।
11. ওটি কমলালেবু।	That is an orange. দ্যাট ইজ এন ওরেঞ্জ।
12. আমি বাংলাদেশী।	I am Bangladeshi. আই অ্যাম বাংলাদেশী।
13. আমার এই কলমটাই চাই।	This is the pen I want. দিস ইজ দি পেন আই ওয়ান্ট।
14. আমি ওই বইটাই কিনেছি।	That is the book I purchased. দ্যাট ইজ দি বুক আই পারচেজড।
15. এটি একটি কলম এটা আমার কলম।	This is pen It is my pen. দিস ইজ পেন ইট ইজ মাই পেন।
16. ওই গরু। গরুটা আমার।	That is a cow It is mine. দ্যাট ইজ এ কাউ, ইট ইজ মাইন।
17. এইগুলো আমার পেনসিল। ওইগুলো তোমার পেনসিল।	These are my pencils. Those are your pencils. দীজ আর মাই পেনসিল, দোজ আর ইয়োর পেন্সিল।
18. এই বইগুলো আমার ওই বইগুলো তোমার	These books are mine. Those book are yours. দীজ বুকস মাইন দোজ বুকস্ আর ইয়োর্স্।
19. এইগুলো তোমার খাতা ওগুলো টেবিলের উপর আছে।	These are your note books. they are on the table. দিজ আর ইয়োর নোট বুকস্। দে আর অন দি টেবিল।
20. এগুলো আমার লজেন্স। এগুলো নানা রঙের।	These are may drops. They are of many colours. দীজ আর মাই ড্রপ্স্। দে আর অফ মেনী কলার্স্।
21. বাংলাদেশ আমাদের দেশ। আমরা এই দেশের অধিবাসী।	Bangladesh is our country. We are her inhabitants. বাংলাদেশ ইজ আওয়ার কান্ট্রি, উই আর হার ইনহ্যাবিট্যান্টস।
22. জনাব আমিন তোমার (আপনার) শিক্ষক।	Mr. Amin is your teacher. মিষ্টার আমিন ইজ ইয়োর টীচার।

স্মরণীয় [To Remember]

1. He (she) আর that এর অর্থ অনেক সময় 'ও' দিয়েও জানানো যেতে পারে। কিন্তু he ও she ব্যক্তিবাচক ও that নিশ্চয়বাচক সর্বনাম। যেমন— এটা নয়, ওটা আনো—Bring that not this.
2. This, that, এই নিশ্চয়বাচক সর্বনামের বহুবচন যথাক্রমে these এবং those.
3. প্রথমবার this, that ব্যবহার করার পর পরবর্তী বাক্যে (প্রসংগানুসারে) it লেখাও বলা চলে।
4. প্রথম বাক্যে these (এইগুলো), those (ওগুলো) থাকলে পরবর্তী বাক্যে they ব্যবহার করা হয়।
5. A, an, the-এদের articles বলা হয়। a, an অনিশ্চয়বাচক ও the নিশ্চয়বাচক article. সাধারণত ঃ যে বিশেষ্যের সংখ্যা নিরূপিত করা যেতে পারে (countable) তাদের আগে a, an ব্যবহৃত হয়। যেমন—a book, a cat, an animal. an egg. ইত্যাদি। যে শব্দের প্রথম অক্ষর a, e, i, o, u তাদের আগে an লিখিতে হয়। যেমন— a animal, an inkpot ইত্যাদি। শব্দের প্রথমে ব্যঞ্জনবর্ণ থাকলে a ব্যবহার করা হয়, যেমন— a man, a talk. ইত্যাদি।
6. The নিশ্চয়বাচক article-এর ব্যবহার কোন ব্যক্তি বা বস্তু বিশেষকে ইংগিত করার সময় হয়। যেমন—This is the pen I need. আমি এই কলমটাই চাই। পরবর্তী পাঠে এর আরও ব্যবহার দেখানো হবে।

22 দ্বাবিংশ দিন 22nd Day

ইংরেজী বাক্য রচনায় Preposition এর ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ইংরেজী ভাষায় ছাত্রদের জন্য Preposition-এর ব্যবহার জেনে নেয়া নিতান্ত আবশ্যক। কোন কোন Preposition-এর সম্বন্ধে স্থান, সময় ইত্যাদির সাথে থাকে ও কোন কোনটির কারণ এবং গতির সাথে Preposition ও সাধারণতঃ বিশেষ্য, সর্বনাম ইত্যাদির সাথে অন্য শব্দের সম্বন্ধ সূচিত করে। যদিও এদের ব্যবহার বিশেষ্যের প্রথমে থাকে। অবশ্য কখনও কখনও পরেও থাকে। Preposition-এর ব্যবহার ভালভাবে আয়ত্ত করুন।

স্থানসূচক (Platial) শব্দদ্বারা রচিত বাক্য

[on, in, into, at, with, by, to, of, beside, beside, between, among, over]

1.	জামাটা বাক্সের ওপর আছে।	The shirt is on the box. দি সার্ট ইজ অন দি বক্স।
2.	ঘড়িটা টেবিলের ওপর আছে।	The watch is on the table. দি ওয়াচ ইজ অন দি টেবিল।
3.	কেরানী চেয়ারে বসে আছেন।	The clerk is at the Chair. দি ক্লার্ক ইজ এ্যাট দি চেয়ার।
4.	দরজায় সবুজ রং লাগান আছে।	There is green paint on the door. দেয়ার ইজ গ্রীন পেন্ট অন দি ডোর।
5.	আব্বা দরজায় দাঁড়িয়ে ছিলেন।	Father stood at the door. ফাদার স্টুড এ্যাট দি ডোর।
6.	এটা মাটিতে রেখো না।	Don't leave it on the floor. ডোন্ট লীভ ইট অন দি ফ্লোর।
7.	আমি আপনার সাথে অফিসে দেখা করব।	I shall meet you at office. আই শ্যাল মীট ইউ অ্যাট অফিস।
8.	রাবেয়া ঘরের মধ্যে যাচ্ছে।	Rabeya is going into the room. রাবেয়া ইজ গোয়িং ইনটু দি রুম।
9.	এখন রুনু ও মিনু ঘরের মধ্যে আছে।	Now, Runu and Minu are in the room. নাও, রুনু এন্ড মিনু আর ইন্ দি রুম।
10.	গেলাসে একটুখানি দুধ আছে।	There is some milk in the glass. দেয়ার ইজ সাম মিল্ক ইন দি গ্লাস।

11. আমি গেলাসে আরও একটু দুধ ঢালছি।	I pour some more milk into the glass. আই পোর সাম্ মোর মিল্ক ইনটু দি গ্লাস।
12. লোকেরা নদীতে স্নান করে।	People bathe in the river. পিপল্ বাথ ইন্ দি রিভার।
13. শিশুটি পুকুরে পড়ে গেল।	The child feel into the pond. দি চাইল্ড ফেল্ ইনটু দি পণ্ড।
14. আপনি চেয়ারে কেন বসেন না?	Why don't you sit at the chair? হোয়াই ডোন্ট ইউ সিট্ এ্যাট দি টেবল?
15. তুমি বইটা টেবিলের ওপর কেন রাখনি?	Why did you not place the book on the table? হোয়াই ডিড ইউ নট প্লেস দি বুক অন দি টেবিল?
16. কলমটি ড্রয়ারের মধ্যে আছে।	The pen is in the drawer. দি পেন ইজ ইন দি ড্রয়ার।
17. তিনি নিজের বাড়ির ভেতরে গেলেন।	He went into his house. হি ওয়েন্ট ইনটু হিজ হাউজ।
18. চিঠিটা ডাকে পাঠানো হয়েছিল।	The letter was sent by post. দি লেটার ওয়াজ সেন্ট বাই পোস্ট।
19. এটাকে বাংলা থেকে ইংরেজীতে অনুবাদ করুন।	Please translate this form bengali into English. প্লীজ ট্রান্সলেট দিস ফ্রম বেংগলী ইনটু ইংলিশ।
20. আমরা কেকটি চারভাগে ভাগ করলাম।	We divided the cake into four parts. ইউ ডিভাইডেড দি কেক ইনটু ফোর পার্টস।
21. উনি ধানমন্ডিতে থাকেন, কিন্তু ওঁর ভাই থাকেন ফরিদাবাদে।	He lives in Dhanmondi, but his brother lives at Faridabad. হী লিভস ইন ধানমণ্ডি বাট হিজ ব্রাদার লিভস এ্যাট ফরিদাবাদ।
22. আমরা বাংলাদেশের (অন্তর্গত) কুষ্টিয়া থাকি।	We live at Kustia in Bangladesh. উই লিভ এ্যাট কুষ্টিয়া ইন বাংলাদেশ।
23. পাবনা জেলা বাংলাদেশের উত্তরাঞ্চলে অবস্থিত।	Pabna district is in the north of Bangladesh. পাবনা ডিসট্রিক্ট ইজ ইন দি নর্থ অফ বাংলাদেশ।
24. হিমালয় ভারতের উত্তর দিকে অবিস্থিত।	The Himalayas are on the north of India. দি হিমালয় আর অন দি নর্থ অফ ইন্ডিয়া।
25. নেপাল ভারতের উত্তরে।	Nepal is to the northof India. নেপাল ইজ টু দি নর্থ অফ ইন্ডিয়া।
26. পরিচ্ছদ দিয়ে ব্যক্তির যাচাই করা উচিত নয়।	Don't judge a person by his clothes. ডোন্ট জাজ্ এ পারসন্ বাই হিজ ক্লোদ্স্।
27. আমি বোতলে দুধ ভরলাম।	I filled the bottle with milk. আই ফিলড্ দি বট্ল উইথ মিল্ক।
28. বাঘটি শিকারীর হাতে মরেছে।	The tiger was killed by the hunter. দি টাইগার ওয়াজ কিল্ড্ বাই দি হান্টার।
29. বাঘটিকে বন্দুক দিয়ে মারা হয়েছে।	The tiger was killed with a gun. দি টাইগার ওয়াজ কিল্ড্ উইথ্ এ গান্।
30. পত্রখানা উনি কলম দিয়ে লিখেছিলেন।	The letter was written by her with a pen. দি লেটার ওয়াজ রিটেন্ বাই হার উইথ এ পেন।
31. করিম তাঁহার ভাই এর পার্শ্বে দাঁড়াইলেন।	Karim stood beside his brother. করিম স্টুড বিসাইড হিজ ব্রাদার।
32. হকি ছাড়া আমি ফুটবলও খেলি।	I play foot-ball besides hocky. আই প্লে ফুটবল বিসাইডস্ হকি।
33. মিষ্টিগুলো করিম ও রহিমের মধ্যে ভাগ করে দাও।	Divide the sweets betwen Karim and Rahim. ডিভাইড দি সুইট্স বিটুইন করিম এ্যান্ড রহিম।
34. শিমলা পাহাড়ে ঘেরা শহর।	Simla is situated among the hills. সিমলা ইজ সিটুয়েটেড এ্যামঙ্গ দি হিল্স্।
35. তিনি পক্ককেশ ব্যক্তি।	He is a man with grey hair. হি ইজ এ ম্যান ইউথ গ্রে হেয়ার।

36. তিনি আপন সিদ্ধান্তে চলেন। He is a man of principle. হি ইজ এ ম্যান অফ প্রিন্সিপ্‌ল্‌।
37. বুড়ীগঙ্গা নদীর উপর একটি পুল আছে। Over the Buriganga there is a Bridge. অভার দি বুড়ীগঙ্গা দেয়ার ইজ এ ব্রিজ।
38. বলটা দেওয়ালের ওপর দিয়ে ফেলো। Throw the ball over the wall. থ্রো দি বল ওভার দি ওয়াল।
39. এরোপ্লেন (বা বিমান) সমুদ্রের ওপর দিয়ে ফ্রান্সের দিকে উড়ে গেল। The aeroplane flew over the sea to France. দি এরোপ্লেন ফ্লু ওভর দি সী টু ফ্রান্স।
40. পাখিরা পুলের ওপর উড়ছে। Birds are flying over the Bridge. বার্ডস আর ফ্লাইং ওভার দি ব্রিজ।

স্মরণীয় [To Remember]

1. at, on, in, with by ইত্যাদি Preopsitions সাধারণতঃ স্থানবাচী (platial) ও কালবাচী (temporal) শব্দের সাথে ব্যবহৃত হয়। ওপরে আপনারা স্থানবাচী অর্থে এদের ব্যবহার দেখেছেন।
2. on ও at এর ব্যবহার ও তাদের অর্থের প্রভেদ জেনে নেওয়া উচিত। সেই রকম by ও with এরও। On the table এর অর্থ-টেবিলের উপর আর at the table এর অর্থ টেবিলের কাছে থাকে। অনেক সময় টেবিলেও বলা হয়। by-এর মানে দ্বারা ও with এর মানে সাথে।
3. between দু'জনের বা দু'টি বস্তুর মধ্যের জন্য ব্যবহার করা হয। among দুই এর চেয়ে অধিক ব্যক্তির বা বস্তুর জন্য।
4. Fatema is going in her room. Fatema is going into her room. এই দুটো বাক্যের মধ্যে নিচেরটাই ঠিক। কেননা এ কথা বলা হচ্ছে যে ফাতেমা নিজের ঘরের মধ্যে যাচ্ছে। ঘরের মধ্যে আছে বা কাজকর্ম করছে এই কথা বলা হচ্ছে না। দ্বিতীয় ক্রিয়াটির জন্য in ব্যবহার করা হয়। ফাতেমা নিজের ঘরে আছে। Fatema is in her room. ফাতেমা ইজ ইন হার রুম। ফাতেমা নিজের ঘরে ঘুমুচ্ছে। Fatema is sleeping in her room. ফাতেমা ইজ স্লীপিং ইন হার রুম।

23 ত্রিশতম দিন rd Day

ইংরেজী বাক্যে correlatives বা পূরক শব্দের ব্যবহার সঠিকভাবে জেনে রাখা উচিত। তা না হলে বাক্য অশুদ্ধ হবার সম্ভাবনা থাকে। ও সামান্য ভুলে বাক্যের আর্থ অন্যরকম হয়ে যেতে পারে। No sooner এর সাথে than এর ব্যবহার হয়, scarcely-এর সাথে before (বা when), hardly-এর সাথে when (before) ইত্যাদি। এ রকম কতকগুলো বাক্যাংশ আছে যার সাথে পূরক শব্দ ব্যবহার করা হয় না। যেমন— As soon as we reached the bus stop, the bus left. এ বাক্যে as soon as-এর পূরক শব্দের দরকার হয়নি।

A

বাক্যের এক অংশের সাথে অন্যের পূরক শব্দ [Correlatives]

as far as	as long as-x	unless-x	as soon as-x
X-untill	X-till	X-so that	no sooner-than
no less-then	not only-but also	the-the	neither-nor
althought-yet	lest-should	rather-than	hardy-when

1. আমরা যেই স্টেশনে পৌছেছে অমনি গাড়ি ছেড়ে দিল। — As soon as they reached the station the train steamed out. এ্যাজ সুন অ্যাজ দে রীচড দি স্টেশন দি ট্রেন স্টীমড আউট।
2. গরীব হলেও উনি সৎ। — Although he is poor, yet he is honest. অলদো হি ইজ পুয়োর, হি ইজ অনেস্ট।
